
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



কল্কিতে কত ঘণ্টা লেগেছিল অমিতাভ বচ্চনের মেকআপ নিতে?

পৃঃ ৫



বলছেন দিনেশ কার্তিক কোহিনূর হীরার চেয়েও মূল্যবান বুমরাহ

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ১৮৭ ● কলকাতা ● ২৫ আষাঢ়, ১৪৩১ ● বুধবার ● ১০ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## দুদিনের রাশিয়া সফরে গিয়েছেন

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুদিনের রাশিয়া সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আজ, মঙ্গলবার তাঁর অস্ট্রিয়া যাওয়ার কথা। তার আগে রাশিয়ার সর্বোচ্চ নাগরিক সম্মানে সম্মানিত করা হয়েছে মোদিকে। তাঁকে অর্ডার অফ সেন্ট অ্যান্ড্রু দ্য অ্যাপোস্টল প্রদান করেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।এই রুশ সফরে মোদি আদৌ ইউক্রেন যুদ্ধ নিয়ে কোনও কথা বলেন কিনা সেদিকেই নজর ছিল আন্তর্জাতিক মহলের। এই সংঘাত নিয়ে কখনও সরাসরি মস্কোর বিরুদ্ধে কথা বলেনি নয়াদিল্লি। সব সময়ই বৈঠক ও কূটনৈতিক আলোচনার মাধ্যমে দুদেশকে শান্তির পথে ফেরার বার্তা দিয়েছেন মোদি। গুরুত্বপূর্ণ এই সফরেও ভারতের অবস্থান স্পষ্ট করে দিয়েছেন মোদি। যুদ্ধে সাধারণ নাগরিক ও শিশুদের মৃত্যু যে কোনওভাবেই কাম্য নয় সেকথাও 'বন্ধু' পুতিনকে বুঝিয়ে দিয়েছেন তিনি।এই সফরে দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক, আন্তর্জাতিক নানা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে পুতিনের সঙ্গে আলোচনা করেছেন মোদি। উঠে এসেছে ইউক্রেন যুদ্ধের প্রসঙ্গও।

দুবছর পেরিয়ে গিয়েছে। এখনও থামেনি রাশিয়া-ইউক্রেন যুদ্ধ। হামলা পালটা হামলা, মৃত্যুমিছিল সব কিছুই অব্যাহত। এই আবহেই সোমবার মস্কোতে পা রেখেছেন মোদি। বিমানবন্দরে রাজকীয় অভ্যর্থনা জানানো হয় তাঁকে। পুতিনের সঙ্গে মোদির দেখা হওয়া মাত্রই, দুজন দুজনকে জড়িয়ে ধরেন। এর পর হাসিমুখে করমর্দন করেই

এরপর ৩ পাতায়

## মিড মিলের খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়ল ৫০ জনের বেশি ছাত্রছাত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মিড মিলের খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়ল ৫০ জনের বেশি ছাত্রছাত্রী। যার মধ্যে গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি ২০ জন পড়ুয়া। ঘটনাটি পশ্চিম মেদিনীপুর জেলার গরবেতা তিন নম্বর ব্লকের নয়াবসতে পন্ডিত রঘুনাথ মুর্মু বিদ্যাপীঠের। ছাত্রছাত্রীদের অভিভাবকদের অভিযোগ, প্রায়ই ওই স্কুলের মিড ডে মিলের খাবারে পোকামাকড় পড়ে। এনিয়ে একাধিকবার অভিযোগ জানানো হয়েছে। কিন্তু স্কুল কর্তৃপক্ষ কোনও গুরুত্ব দেয়নি। এদিন মিড ডে মিলের খাবারে বিষাক্ত কোনও কিছু মিশে যাওয়ার কারণেই পড়ুয়ারা অসুস্থ হয়ে পড়ে বলে আশঙ্কা অভিভাবকদের। এপ্রসঙ্গে স্কুলের প্রধান শিক্ষক বিনোদবিহারী মন্ডল বলেন, "মিড ডে মিলের খাবার খাওয়ার পরই বেশ কয়েকজন ছাত্রছাত্রী অসুস্থ হয়ে পড়েছে।

এরপর ৩ পাতায়

## ১০ দিনের মধ্যে সবজির দাম

# কমাতে হবে মন্তব্য মুখ্যমন্ত্রীর



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** মঙ্গলবার সকল স্টেক হোল্ডারদের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে উপস্থিত ছিলেন রাজ্যের একাধিক মন্ত্রী। সবজির দাম বৃদ্ধি পাওয়া নিয়ে আলোচনা করেন মুখ্যমন্ত্রী। এদিন তিনি বলেন যে ক্রমশ নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির প্রসঙ্গ টেনে বাজারের ব্যাগ নিয়ে গৃহস্থরা সবজি কিনতে গেলে ছ্যাঁকা খেতে হচ্ছে। কারণ ব্যাপক দাম বেড়েছে সবজির। এবার এই বিষয়টি নিয়ে পুলিশকে কড়া নজরদারির নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুধু তাই নয় মুখ্যমন্ত্রী জানিয়ে দিলেন, ১০ দিনের মধ্যে সবজির দাম কমাতে হবে। আর দাম কতটা কমল সেটা নিয়ে প্রতি সপ্তাহে রিপোর্ট জমা দিতে হবে তাঁর কাছে।

এদিন নবান্নে বাজার কমিটিগুলির সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আর এখানেই উঠে আসে বাজারে সবজির আগুন দর। লঙ্কা, বেগুন সবই ডবল সেঞ্চুরি স্পর্শ করেছে। ঢ্যাঁরশ, উচ্ছের মতো সবজিও বিক্রি হচ্ছে কেজি প্রতি ৯০ থেকে ১১০ টাকায়। আর ফসলের মূল্যবৃদ্ধির জন্য ব্যবসায়ীদের একাংশ অনাবৃষ্টিকে দায়ী করছেন। তবে আজকের বৈঠকে

এরপর ৩ পাতায়




পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ ◻ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

### মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

**৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা**

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

এরপর ৩ পাতায়

এরপর ৩ পাতায়

## গ্রামের একমাত্র সম্বল বাঁশের সেতু

# ভেঙে পড়ে তবুও এবিষয়ে প্রশাসন নিশ্চুপ

**জলপাইগুড়ি: নিউজ সারাদিন** : ময়নাগুড়ি ব্লকের ধর্মপুর গ্রাম পঞ্চায়েত এলাকার মালিপাড়া গ্রামের বাসিন্দাদের দীর্ঘদিনের অভিযোগ, তাদের গ্রামের ১৬/২৩৪ নম্বর বুথের দীর্ঘদিনের বাঁশের সেতুটি ভেঙে গেছে। ফলে গ্রামবাসীদের চলাচল ব্যাহত হয়েছে।

পাশাপাশি অভিযোগ ওঠে বছরের পর বছর ধরে এভাবেই ঝুঁকিপূর্ণ যাতায়াত করতে হয় গ্রামবাসীদের। জরুরি পরিষেবা অ্যাম্বুলেন্স থেকে শুরু করে দমকল এমনকি চিকিৎসা ক্ষেত্রে যেতে গেলেও সম্বল এই ভাঙা বাঁশের সাঁকো।প্রশাসন কোনো রকম পদক্ষেপ না নেওয়ায় হতাশায় ভুগছে গ্রামের বাসিন্দারা। সূত্রের খবর এদিকে গ্রামের প্রধান গোটা বিষয়টি স্বীকার করে নিয়ে দাবি করেন, বহু বছর ধরে একের পর এক একাধিক ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েও সমস্যার সুরাহা হয়নি। এখন দেখার বিষয় হল যে এই সমস্যার কবে সমাধান পায় স্থানীয় মানুষ সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহলের একাংশ।

## গাজায় ২৪ ঘণ্টায় নিহত ৫০

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : নতুন যুদ্ধবিরতি আলোচনা হওয়া সত্ত্বেও ইসরায়েলি বাহিনী উত্তর গাজা উপত্যকার অঞ্চলে আক্রমণ চালিয়েছে। গত ২৪ ঘণ্টায় এই হামলায় অন্তত ৫০ জন নিহত হয়েছে। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় মঙ্গলবার এ তথ্য জানিয়েছে।

গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েলি ট্যাংকগুলো গাজা শহরের শুজাইয়া, সাবরা এবং তাল আল-হাওয়ার আরও ভেতরে প্রবেশ করেছে। বাসিন্দারা যুদ্ধ শুরুর পর থেকে সেখানে সবচেয়ে ভয়ঙ্কর লড়াইয়ের কথা জানিয়েছেন। মধ্য গাজার নুসিরাত শরণার্থী শিবিরের একটি বাড়িতে বিস্ফোরণে সাতজন নিহত হয়েছেন। উত্তর গাজা শহরের আল-জালা স্ট্রিটে একটি বাড়িতে হামলায় ছয়জন নিহত হয়েছে এবং কাছাকাছি লাবিদাতে বোমা হামলায় তিনজন নিহত হয়েছে।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের দেওয়া তথ্যানুসারে, ৭ অক্টোবর থেকে ইসরায়েলের যুদ্ধে গাজায় নিহতের সংখ্যা বেড়ে ৩৮ হাজার ২৪৩ জনে পৌঁছেছে। একইসময় আহতের সংখ্যা বেড়ে ৮৮ হাজার ৩৩ জনে পৌঁছেছে।

## রাশিয়ায় ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশে প্রধানমন্ত্রীর ভাষণ




**নয়াদিল্লি, ৯ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মস্কোতে আয়েজিত আজ এক অনুষ্ঠানে রাশিয়ায় ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে মতামত বিনিময় করেন। উপস্থিত সকলে সেখানে তাঁকে আন্তরিক স্বাগত জানান। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ভারতীয় অভিবাসীদের উষ্ণ অভ্যর্থনায় আন্তরিক ধন্যবাদ জানান। ভারত-রুশ দ্বিপাক্ষিক সম্পর্ক প্রসারে তাঁদের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন তিনি। ১৪০ কোটি ভারতবাসীর তরফ থেকে প্রধানমন্ত্রী তাঁদের সাধুবাদ জানিয়ে বলেন, তাঁদের সঙ্গে তাঁর এই মতামত বিনিময় এক আলাদা তাৎপর্যও রয়েছে। তার কারণ তাঁর এই ঐতিহাসিক তৃতীয় সফরে এবারই তিনি প্রথম রাশিয়ায় ভারতীয় অভিবাসীদের উদ্দেশ্যে ভাষণ দিচ্ছেন। ভারতে বিগত ১০ বছরে যে রূপান্তর প্রত্যক্ষ করা যাচ্ছে, প্রধানমন্ত্রী তার তার উল্লেখ করে বলেন, সমস্ত ভারতবাসীর কাছে এটা এক গর্বের বিষয়। প্রধানমন্ত্রী বলেন, তৃতীয়বার ক্ষমতায় এসে তাঁর সরকারের উদ্দেশ্য হল, ভারতকে বিশ্বের তৃতীয় অর্থনীতির দেশ হিসেবে গড়ে তোলা। ভারতের আর্থিক বৃদ্ধির কথা উল্লেখ করে তিনি বলেন, এই বৃদ্ধি বিশ্বস্তরের বৃদ্ধির পরিপূরক। কারণ ডিজিটাল, ফিনটেক, সবুজ উন্নয়নের সাফল্য আর্থ-সামাজিক ক্ষেত্রকে প্রভাবিত করে সাধারণ মানুষের ক্ষমতায়নে পরিপূরক হয়ে উঠেছে। ভারতের এই রূপান্তরমূলক সাফল্য সম্ভব হয়েছে ১৪০ কোটি ভারতবাসীর নিষ্ঠা, দায়বদ্ধতা এবং তাদের কাজের ফলস্রুতি স্বরূপ। প্রত্যেক ভারতবাসীই আজ ভারতকে একটি উন্নত দেশে পরিণত করার স্বপ্ন দেখেন। ভারত তার অবিচল দায়বদ্ধতার ফলে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জকে মোকাবিলা করে সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যে পৌঁছতে পারছে যার ফলে বিশ্ববন্ধু অর্থাৎ বিশ্বের বন্ধু হিসেবে বিশ্ব সমৃদ্ধির ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি আরও বলেন, বিশ্ব সমস্যা মোকাবিলায় শান্তি, আলোচনা এবং কূটনীতির ভারতের আহ্বান এক গভীর সাড়া ফেলেছে। রাশিয়ার সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর ও শক্তিশালী করে গড়ে তুলতে ভারতীয় সম্প্রদায়কে সদর্থক মনোভাব নিয়ে এগিয়ে চলার আহ্বান জানিয়েছেন তিনি। কাজান এবং ইয়েকতারিনবার্গে দুটি নতুন ভারতীয় দূতাবাস খোলার সিদ্ধান্তের কথা জানিয়ে তিনি বলেন, এর ফলে মানুষে মানুষে সম্পর্ক আরও প্রসারিত হবে। প্রধানমন্ত্রীর এই ঘোষণা ব্যাপক করতালি পায়। ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যকে রাশিয়ায় ভারতীয় সম্প্রদায় ধরে রাখার প্রয়াসকে সাধুবাদ জানিয়ে প্রধানমন্ত্রী তাঁদের ভারতীয় ঐতিহ্যের এই প্রাণবন্ত শক্তিকে রাশিয়ার মানুষদের সঙ্গে ভাগ করে নেওয়ার আহবান জানিয়েছেন।

## বিলুপ্তির পথে চাং শিল্প!

# তিন লোধা সম্প্রদায়ের মানুষ টিকিয়ে রাখার চেষ্টা করছেন প্রাচীন এই লোকায়ত শিল্পকে



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : চাং শিল্প কেবল একটি বাদ্যযন্ত্র নয়, এটি বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতীক।পশ্চিম মেদিনীপুর জেলার সবং গ্রামের লোধা সম্প্রদায়ের মানুষদের ঐতিহ্যবাহী চাং শিল্প বিলুপ্তির পথে। এই শিল্প একসময় গ্রীষ্মে বিভিন্ন দেবদেবী সহ একাধিক গান গেয়ে বিভিন্ন জায়গায় অনুষ্ঠান কিংবা মনোরঞ্জনের আসর বসাতেন লোধারা। পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকের দশগ্রাম পঞ্চায়েতের খাজুরি এলাকার মাত্র তিনজন লোধা সম্প্রদায়ের মানুষ - শম্ভু কোটাল, গুরুপদ কোটাল ও পূর্ণ কোটাল - এই চাং শিল্পকে ধারণ করে চলেছেন। তাদের ব্যবহৃত চাং বা বিশেষ এই বাদ্যযন্ত্র প্রায় ৩০০ বছরেরও বেশি প্রাচীন। তবে বর্তমানে চাং শিল্পের প্রতি আগ্রহ কমে যাওয়ায় এটি বিলুপ্তির পথে। সবং ব্লকের দশগ্রাম এর খাজুরি এলাকার মাত্র তিনজন লোধা সপ্রদায়ের মানুষ শম্ভু, গুরুপদ ও পূর্ণরা এই শিল্পকে টিকিয়ে রাখার জন্য কঠোর পরিশ্রম করছেন।এই তিনজনই অক্ষর-জ্ঞানহীন খুব সাদাসিধা মানুষ। বর্তমানে এদের অবস্থা তথৈবচ। বর্তমানে তারা পেশায় দিনমজুর ও ভিক্ষাজীবী করেই দিন গুজরান করছেন। চাং নিয়ে বাড়ি বাড়ি গিয়ে ভিক্ষে করে সামান্য উপার্জনে চলে না সংসার। এই চাং বর্তমানে অবলুপ্তির পথে হলেও এখনও পরম্পরা আগলে রাখার চেষ্টা করছেন। তবে পরবর্তী প্রজন্ম এই শিল্পকে মনে রাখবে না বলে আশঙ্কা প্রকাশ করেছেন তারা।গ্রাম বাংলার ঐতিহ্যবাহী ও লোকশিল্পী গুলির মধ্যে অন্যতম এই চাং শিল্পকে টিকিয়ে রাখতে সরকার ও সংস্কৃতিবানদের কাছে করুন আর্তি জানিয়েছেন বিলুপ্তপ্রায় শিল্পীরা।

## বিপত্তারিণী ব্রত শক্তিরূপীনি দেবী দুর্গার ১০৮ অবতারের মধ্যে

# অন্যতম একটি রূপ সংকটনাশিনী রূপ



এরপর ৩ পাতায়

**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : সংসারে সব বড় বিপদ থেকে দূর করতে হিন্দু মহিলারা বিপত্তারিণী ব্রত পালন করে থাকেন। প্রচলিত বিশ্বাস অনুযায়ী ভক্তি মনেএই পুজো করলে যে কোন বিপদ থেকে রক্ষা পাওয়া যায়। হিন্দু বাঙ্গালীদের কাছে বিপত্তারিণী পুজো বিশেষ মাহাত্ম্যপূর্ণ। শক্তিরূপিনি দেবী দুর্গার ১০৮ অবতারের মধ্যে অন্যতম একটি রুপ হল সংকটনাশিনী রূপ। এই রূপই হল বিপত্তারিণী। পশ্চিমবঙ্গ ছাড়া আসাম ও ওড়িশাতে এই পুজো পালিত হয়।

আষাঢ় মাসে রথযাত্রা থেকে উল্টো রথের মধ্যে যে শনিবার এবং মঙ্গলবার পরে অর্থাৎ তৃতীয়া থেকে নবমী তিথির মধ্যে এই দুটি দিনে এই ব্রত পালন করা হয়। হিন্দু শাস্ত্র মতে মানা হয় এই পুজো করলে বিপদ থেকে রক্ষা পাওয়ার পাশাপাশি জানা যায় যে পাপমুক্ত হয়।

এই পুজোর একটি বিশেষ নিয়ম হলো সবকিছুই ১৩ টা করে দেবীকে উৎসর্গ করতে হয়। পুজোর সময় এমন কিছু কাজ আছে যা করলে যেমন জীবনে সাফল্য লেগে থাকে তেমনি এই পুজোর সময় আবার সব কাজ করাও যায় না। এই পুজোয় লাল সুতো ব্যবহার করা হয়। প্রচলিত বিশ্বাস অনুযায়ী এই লাল সুতোর মাহাত্ম্য অনেক। তাই ভক্তরা লাল সুতো হাতে বাঁধেন। সুতোটিতে ১৩টি গিঁট দেওয়া হয়। মনে করা হয়, প্রতিটি গিঁটে দেবী দুর্গার আশীর্বাদ থাকে। তার সঙ্গে ১৩টি দূর্বাও থাকে। এছাড়া এদিন দেবীকে ১৩ রকমের ফল, মিষ্টি এবং ফুল নিবেদন করা হয়।

এতো গেল পালনীয় কর্তব্য গুলো। এছাড়া এমন কিছু কাজ আছে যা পালন করা উচিত নয়। যেমন পুজোর আগের দিন এবং পুজোর দিন আমিষ খাওয়া যাবেনা। এছাড়াও চালের জিনিস খাওয়া খুবই অশুভ বলে মানা হয়। কাউকে অসম্মান বা অপমান করা উচিত নয়। এই সময় কারোর থেকে ঋণ নেওয়া অথবা কারোর কাছ থেকে টাকা ধার নেওয়া উচিত নয়। এছাড়াও আরো কিছু কাজ আছে যা এই ব্রত চলাকালীন করলে সংসারে অমঙ্গল হয়। তাই সংসারের অমঙ্গলের ভয়ে প্রত্যেক হিন্দু নারীরা প্রথা মেনে এই ব্রত পালন করে আসছেন।

## ব্যবসায়ীদের ক্ষোভ মেয়রের উপস্থিতিতে;

# ফুড লেনের ভবিষ্যৎ নিয়ে বিপাকে পুরনিগম



**শিলিগুড়ি: নিউজ সারাদিন** : শিলিগুড়ি এসএফ রোডে তৈরি হতে চলছে ফুড লেন। এদিন ফুড লেনের কাজের অগ্রগতি দেখতে পৌঁছন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। পুরনিগমের তরফে শিলিগুড়িতে ফুড লেন তৈরি করা হচ্ছে যেখানে প্রায় ২০ টি স্টল থাকবে বলে জানা গিয়েছে। ফুড লেনের পাশাপাশি পুরনিগমের তরফ থেকে সৌন্দর্যায়নের প্রতিও বিশেষ নজর রাখা হচ্ছে। আলোর ব্যবস্থা থেকে শুরু করে বসার জন্য থাকবে বেঞ্চ। সবুজের প্রতি নজর

এরপর ৩ পাতায়






## নানা সমীকরণের

# জল্পনায় মহারাষ্ট্রের রাজনীতি



**এনএনএস: নিউজ সারাদিন** : ৬ মাসের মধ্যে মহারাষ্ট্র বিধানসভার নির্বাচন। লোকসভা নির্বাচনের ফলে বেজায় অস্বস্তিতে মোদী-শাহরা। মহারাষ্ট্রে কংগ্রেস, উদ্ধব শিবসেনা, শারদ এন সি পির বর্তমান তাজা সমীকরণে চাপেই মোদি-শাহ সহ বিজেপি নেতৃত্ব। ২০১৯-এ মহারাষ্ট্র জয়ের পর উদ্ধব ঠাকরের মুখ্যমন্ত্রীত্বের দাবি না মেনে এখনও প্রর্যন্ত্য সব রাজনৈতিক পদক্ষেপেই যে গেরুয়া শিবিরকে মার খেতে হয়েছে তা নিয়ে প্রায় একমত বিজেপি নেতৃত্ব।

তাই এবার সরাসরি মোদীই উদ্ধব ঠাকরে, শারদ পাওয়ারদের কাছে টানতে সক্রিয় হতে পারেন বলেই মনে করা হচ্ছে। ইতিমধ্যে উদ্ধব ঠাকরের কাছে যুদ্ধ বিরতির বার্তা পাঠিয়েছেন মোদীর দূত নীতিন গাদকারি। অন্যদিকে শারদ পাওয়ারকে কাছে পেতেও চেষ্টা চালাচ্ছেন অমিত শাহ, পীযূষ গোয়েল ও অজিত পাওয়াররা। মদীর সুত্র উদ্ধব ঠাকরে একনাথ শিন্ডের শিবসেনা গোষ্ঠীতে ফিরিয়ে নিন। বিজেপি-শিবসেনা জোট হলে বিজেপি প্রয়োজনে আদিত্য ঠাকরেকে মুখ্যমন্ত্রী হিসেবে মেনে নিতে রাজি।

উদ্ধব ঠাকরের কাছে মোদীর গোপন ঐক্য বার্তার পিছনে মহারাষ্ট্রে নিশ্চিত হার এরানোর চেষ্টা বলেই মনে করছেন মহারাষ্ট্র প্রদেশ কংগ্রেস নেতৃত্ব। শারদ পাওয়ারের এন সি পি কংগ্রেসের মিলে যাক চাইছেন কংগ্রেস নেতারা। শারদকন্যা সুপ্রিয়া সুলেকে সেক্ষেত্রে মহারাষ্ট্রের প্রদেশ কংগ্রেসের সভানেত্রী বা ক্ষমতায় এলে মুখ্যমন্ত্রী মানতেও তৈরি কংগ্রেস।

## অনলাইন ট্রাভেল প্ল্যাটফর্ম 'যাত্রা'কে কোভিড অতিমারী লক ডাউনের সময়

# বিমান বাতিল হওয়ায় ক্ষতিগ্রস্ত যাত্রীদের বুকিং-এর টাকা ফিরিয়ে দিতে বলেছে কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ


**নয়াদিল্লি, ৯ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন** : কোভিড অতিমারী লক ডাউনের সময় বিমান বাতিল হওয়ায় বিমান যাত্রীদের টিকিট বুকিং-এর টাকা বিমান কর্তৃপক্ষ ফিরিয়ে দেয়নি, এ রকম বহু অভিযোগ জাতীয় ক্রেতা সুরক্ষা হেল্পলাইন টোলফ্রি নম্বর-১৯১৫-এ নথিভুক্ত হওয়ার পর তা কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষের নজরে আসে। সর্বোচ্চ আদালত প্রবাসী লিগাল সেল বনাম ইউনিয়ন অফ ইন্ডিয়া মামলায় ১.১০.২০২০ তারিখের রায়ে জানিয়েছিল, "লক ডাউনের সময়কালে ট্রাভেল এজেন্ট মারফৎ বিমানের টিকিট কেনার ক্ষেত্রে বিমান বাতিল হওয়ায় বিমান কর্তৃপক্ষকে অবিলম্বে বুকিং-এর পুরো টাকা ফিরিয়ে দিতে হবে। এই টাকা ফেরানোর ক্ষেত্রে এজেন্টের মারফৎ যাত্রীদের অ্যাকাউন্টে অবিলম্বে তা পাঠিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়।"

এর পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ কোভিড অতিমারী লকডাউনের সময়কালে যাত্রীদের বিমান টিকিট বুকিং-এর টাকা না ফেরানো নিয়ে যাত্রা নামক প্ল্যাটফর্মটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়।

টাকা কেন ফেরানো হয়নি তা জানতে চেয়ে ৯.৩.২০২১ তারিখে এই সংস্থাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। পরবর্তীকালে তা নিয়ে বেশ কয়েক দফা শুনানী হয় এবং টাকা ফেরানোর ক্ষেত্রে অগ্রগতি কতখানি কী হল তা নজরদারি করা হয়। ২০২১-এর ৮ জুলাই থেকে ২০২৪-এর ২৫ জুন পর্যন্ত কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ বেশ কয়েকবার শুনানী গ্রহণ করে। এর ফলশ্রুতি হিসাবে যাত্রা অনলাইন লিমিটেড বেশ কিছু ক্ষেত্রে বুকিং-এর টাকা ফিরিয়েছে। ২০২১ সালে ৩৬,২৭৬ সংখ্যক বুকিং-এর ২৬,২৫,৮২,৪৮৪ টাকা ফিরিয়ে দেওয়ার কথা ছিল। ২০২৪-এর ২১ জুন এই বুকিং-এর সংখ্যা কমে দাঁড়ায় ৪,৮৩৭ এবং টাকার পরিমাণ কমে দাঁড়ায় ২,৫২৮৭। দেখা যায় যাত্রা প্ল্যাটফর্মটি প্রায় ৮৭ শতাংশ ক্রেতার টাকা ফিরিয়ে দিয়েছে এবং বাকি ১৩ শতাংশ যাত্রীর টাকা ফেরানোর চেষ্টা করছে। তবে সব যাত্রীর টাকাই যাতে দ্রুততার সঙ্গে বিমান কর্তৃপক্ষ ফিরিয়ে দেয় তা সুনিশ্চত করার কাজ চলেছে। কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ ২৭.৬.২০২৪-এর নির্দেশে বলেছে, যাত্রা প্ল্যাটফর্ম মারফৎ বাকি ৩১,৭৯০৬৯ টাকা ফিরিয়ে দিতে বলে। এই শুনানী চলাকালীন মেকমাইট্রিপ, ইজমাইট্রিপ, ক্লিয়ারট্রিপ, ইক্সিগো, টমাস কুক এরা প্রত্যেকেই লক ডাউনের সময়কালে ক্ষতিগ্রস্ত যাত্রীদের টিকিটের পুরো টাকা ফিরিয়ে দিয়েছে। ক্ষতিগ্রস্ত যাত্রীরা যাতে তাদের পুরো টাকা ফেরত পেয়ে যান, সেজন্য কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ ২৭.৬.২০২৪-এর নির্দেশে যাত্রা প্ল্যাটফর্মকে জাতীয় ক্রেতা হেল্পলাইনে একটি ডেডিকেটেড ব্যবস্থা গড়ে তোলার নির্দেশ দেয়। এক্ষেত্রে বাকি ৪,৮৩৭ জন যাত্রীকে তাদের কত টাকা ফেরত দিতে বাকি আছে তার বিস্তারিত ফোন করে জানাতে পূর্ণ সময়ের জন্য ৫ জন কর্মী নিয়োগ করতে বলা হয়। এই ৫ জনকে পূর্ণ সময়ের জন্য নিয়োগ করার খরচ জাতীয় ক্রেতা হেল্পলাইনকে যাত্রা প্ল্যাটফর্মকেই মেটাতে হবে বলে নির্দেশ দেওয়া হয়। অর্থাৎ এর থেকে বোঝা যায়, কোভিড অতিমারী লক ডাউনের সময় বিমান বাতিলের ফলে ক্ষতিগ্রস্ত যাত্রীদের টিকিট বুকিং-এর টাকা ফিরিয়ে দিতে জাতীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ কতখানি তৎপর।

# মণিপুর থেকে মোদীকে বার্তা রাহুলের





**এনএনএস: নিউজ সারাদিন** : বিরোধী দলনেতা হওয়ার পর থেকে হিংসা-বিধ্বস্ত মণিপুরে তাঁর প্রথম সফরে মেইতি এবং কুকি-জোমি উভয় সম্প্রদায়ের ঘরছাড়া মানুষদের সঙ্গে দেখা করেন রাহুল গান্ধী। রাহুল গান্ধী বলেছিলেন যে তিনি একটি সহজ বার্তা দিতে চান: "আমি এখানে আপনার ভাই হিসাবে এসেছি। আমি এখানে এমন একজন হিসাবে এসেছি যে আপনাকে সাহায্য করতে চায়, এমন একজন যে মণিপুরে শান্তি ফিরিয়ে আনতে আপনার সঙ্গে কাজ করতে চায়।"

"ভারত সরকার এবং প্রত্যেকে যারা নিজেকে দেশপ্রেমিক বলে মনে করে," রাহুল গান্ধী বলেছিলেন, "মণিপুরের জনগণের কাছে পৌঁছাতে হবে এবং আলিঙ্গন করতে হবে এবং মণিপুরে শান্তি আনতে হবে।"

মিডিয়ার সঙ্গে কথা বলার সময়, রাহুল গান্ধী আরও বলেছিলেন যে তাঁর কাছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্য একটি বার্তা রয়েছে: "আমি মনে করি প্রধানমন্ত্রীর এখানে আসা গুরুত্বপূর্ণ। মণিপুরের মানুষের কথা শুনুন। মণিপুরে কী ঘটছে তা বোঝার চেষ্টা করুন। সর্বোপরি, মণিপুর ভারতীয় ইউনিয়নের একটি গর্বিত রাজ্য... কোনও ট্র্যাজেডি না থাকলেও প্রধানমন্ত্রীর মণিপুরে আসা উচিত ছিল। এবং এই বিশাল ট্র্যাজেডিতে, আমি প্রধানমন্ত্রীকে তাঁর একদিন, দুই দিন সময় নিয়ে মণিপুরের মানুষের কথা শোনার অনুরোধ করছি। এটা মণিপুরের মানুষকে স্বস্তি দেবে।"

২০২৩ সালের মে মাসে রাজ্যে হিংসার প্রাদুর্ভাবের পর থেকে সোমবারের একদিনের সফরটি ছিল মণিপুরে রাহুল গান্ধীর তৃতীয়। তিনি প্রথমবার ২০২৩ সালের জুনে এবং পরের বছর জানুয়ারিতে রাজ্য থেকে তাঁর ভারত জোড়ো ন্যায় যাত্রা শুরু করেছিলেন তিনি। রাজ্যের দুটি লোকসভা আসনে জয় পেয়েছে কংগ্রেস। আগে দুটি আসনই বিজেপির দখলে ছিল।

"সমস্যা শুরু হওয়ার পর থেকে তৃতীয়বার আমি এখানে এসেছি এবং এটি একটি দুর্দান্ত ট্র্যাজেডি ছিল। সত্যি বলতে কি, আমি পরিস্থিতির কিছুটা উন্নতি আশা করছিলাম, কিন্তু পরিস্থিতি যেটা হওয়া উচিত তার কাছাকাছি এখনও নেই দেখে আমি বেশ হতাশ হয়েছিলাম। আমি শরণার্থী শিবির পরিদর্শন করেছি এবং সেখানকার মানুষের কথা শুনেছি, তাঁদের কষ্ট শুনেছি। আমি এখানে এসেছি তাঁদের কথা শোনার জন্য, আত্মবিশ্বাস তৈরি করতে, এবং বিরোধী দলে থাকা একজন হিসাবে, সরকার যাতে কাজ করে তার উপর চাপ প্রয়োগ করার চেষ্টা করতে," রাহুল গান্ধী সন্ধ্যায় ইম্ফালে বলেছিলেন।

সোমবার সকালে, রাহুল গান্ধী প্রথমে অসমের কাছাড় জেলার শিলচরে পৌঁছেছিলেন এবং হামারখাওলিয়ান গ্রামে অবস্থিত একটি ত্রাণ শিবির পরিদর্শন করেছিলেন, যেখানে জিরিবামের পার্শ্ববর্তী মণিপুর জেলায় উত্তেজনার কারণে বাস্তুচ্যুত কুকি-জো সম্প্রদায়ের মানুষ আশ্রয় নিচ্ছে। গত মাসে মিশ্র জনসংখ্যার - জিরিবামে হিংসা ছড়িয়ে পড়ার পরে প্রায় ২ হাজার মানুষ, কুকি-জোস এবং মেইতেই উভয়ই বাস্তুচ্যুত হয়েছেন।

এরপর রাহুল গান্ধী জিরিবামের দিকে রওনা হন, যেখানে তিনি একটি ত্রাণ শিবিরে বাস্তুচ্যুত মেইতি জনগণের সঙ্গে দেখা করেন। সেখান থেকে তিনি শিলচরে ফিরে আসেন এবং ইম্ফল যান এবং তারপর চুরাচাঁদপুর জেলায় যান। ইম্ফল ফেরার পথে, তিনি বিষ্ণুপুর জেলার মইরাং-এ থামেন, উভয় জায়গায় বাস্তুচ্যুত লোকদের সঙ্গে দেখা করেন। রাজ্যপাল আনুসুইয়া উইকির সঙ্গেও দেখা করেন রাহুল গান্ধী।




১-ম পাতার পর

# ১০ দিনের মধ্যে সবজির দাম কমাতে হবে মন্তব্য মুখ্যমন্ত্রীর

মুখ্যমন্ত্রী পরিষ্কার ভাষায় জানিয়ে দেন, 'কিছু মুনাফাখোরের জন্যই এই মূল্যবৃদ্ধি। মুনাফা করার একটা লিমিট আছে। সবজির গাড়ির পুলিশ আটকায় না। বাজারে সিআইডি, পুলিশ, আইবি নজরদারি করুন। তার জন্য টাকা নেবেন না। আমি যদি কারও কাছে শুনতে পাই তোলাবাজি নেওয়া হয়েছে তাহলে অ্যাকশন নেব। এখন বাজারে কোনও সবজিতেই হাত দেওয়া যাচ্ছে না। আলুপেঁয়াজেরও দাম এখন লাগামছাড়া। এই অভিযোগ এসেছে মুখ্যমন্ত্রীর কাছে। আর তাই এই বৈঠক থেকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'আলু বাইরে যাচ্ছে না তো? বর্ডার চেকিং হবে। আমার পিঁয়াজ বাংলাদেশে যাচ্ছে। আগে আমাদের প্রয়োজন মিটুক। তারপর বাইরে যাক। কৃষকেরা কিন্তু বাড়তি দাম পাচ্ছেন না। সবজির দাম বাড়িয়ে মুনাফা নিচ্ছেন মুনাফাখোররা। এই জিনিস কেন চলবে? আলুর দাম গত বছর এরকম সময় ছিল ২২ টাকা। কিন্তু এবারে সেটা ৩৫ টাকা। আমি ১০ দিনের মধ্যে সবজির দাম কমেছে দেখতে চাই। তিন মাস ধরে ভোট হয়েছে। নির্বাচনী বন্ডের টাকা তুলতেই সবজির দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে কিনা সেটা দেখতে হবে। তাছাড়া মঙ্গলবারের বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, চলতি বছরেই ডিম উৎপাদনে বাংলা স্বয়ংসম্পূর্ণ হয়েছে। টাস্ক ফোর্সের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী। তাঁর বক্তব্য, 'আকাশছোঁয়া সবজির দাম। মানুষ বাজারে যেতে ভয় পাচ্ছেন। টাস্ক ফোর্স গঠন করেছিলাম। তারা শেষ কবে বৈঠকে বসেছে জানি না। যত দিন দাম না কমে, তত দিন বৈঠকে বসতে হবে। আমি মুখ্যসচিব, ডিজিকে নির্দেশ দিচ্ছি। কতটা দাম কমল সেটা প্রতি সপ্তাহে আমার রিপোর্ট চাই। ১০ দিনের মধ্যে দাম কমাতেই হবে। দাম কেন বাড়ল? পাইকারি মালের জোগান কেন কমল? কিছু জিনিসের দাম আগের বছরের তুলনায় বেড়েছে। নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম গোটা দেশে নাগালের বাইরে। এটা রাজ্যের বিষয় নয়। কেন্দ্রের বিষয়। যার জন্য সকলে সাফার করছি। এবার দেখার বিষয় এটি কতটা কার্যকরী হয় সেদিকেই তাকিয়ে রাজনৈতিক বিশেষজ্ঞরা।

১-ম পাতার পর

# মিড মিলের খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়ল ৫০ জনের বেশি ছাত্রছাত্রী

তাদেরকে হাসপাতালে নিয়ে আসা হয়েছে।"গড়বেতার স্কুলটিতে মূলত তিন নম্বর ব্লক সহ পার্শ্ববর্তী এলাকার আদিবাসী সম্প্রদায়ের ছেলেমেয়েরা পড়াশোনা করে। এটি একটি আবাসিক স্কুল। অভিযোগ, মঙ্গলবার দুপুরে মিড ডে মিল খাওয়ার পরে আচমকাই ছাত্রছাত্রীরা অসুস্থ হতে শুরু করেন। প্রাথমিকভাবে দশজন পড়ুয়া অসুস্থ বোধ করে। তাদেরকে দ্বারিগেড়িয়া স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়।

পরে ধীরে ধীরে অসুস্থ ছাত্রছাত্রীদের সংখ্যা বাড়তে থাকে। সবমিলিয়ে প্রায় ৩০ জন ছাত্রছাত্রী অসুস্থ হয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। বমি ও শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে ভর্তি রয়েছে ছাত্রছাত্রীরা। ইতিমধ্যেই স্কুলে স্বাস্থ্য কর্মীদের পাঠানো হয়েছে।

১-ম পাতার পর

# দুদিনের রাশিয়া সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

দুজনে চলে যান নৈশভোজে। রয়টার্স সূত্রে খবর, এই নৈশভোজের টেবিলেই উঠে আসে ইউক্রেন যুদ্ধের প্রসঙ্গও। রক্তক্ষয়ী এই সংঘর্ষ নিয়ে পুতিনকে মোদি বলেন, "ভারত রাষ্ট্রসংঘের সনদকে সম্মান করে। পারস্পরিক ঐক্য এবং সার্বভৌমত্বকে সম্মান করায় বিশ্বাস রাখি আমরা। সেই ভাবনা থেকেই আমি মনে করি, যুদ্ধ কোনও সমস্যার সমাধান হতে পারে না। রণক্ষেত্রে কখনও এর সমাধানসূত্র পাওয়া যাবে না। বৈঠক ও কূটনৈতিক আলোচনার মাধ্যমেই শান্তির পথ খুঁজে বের করা সম্ভব।"

গত দুবছর ধরে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের বলি হচ্ছে নিষ্পাপ শিশুরাও। সোমবার ইউক্রেন দাবি করে কিয়েভের প্রধান শিশু হাসপাতালে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে রুশবাহিনী। পাশাপাশি তাদের একাধিক শহরেও ভয়ংকর হামলা চালিয়েছে মস্কো। সব মিলিয়ে প্রাণ হারিয়েছেন ৪১ জন। যদিও এই হামলার কথা অস্বীকার করেছে রাশিয়া। ইউক্রেন নাম উল্লেখ না করলেও এদিন শিশুদের মৃত্যু নিয়ে পুতিনকে মোদি বলেন, "যুদ্ধ হোক, সংঘাত হোক বা সন্ত্রাসী হামলা তাতে প্রাণহানি ঘটলে মানবতায় বিশ্বাসী প্রত্যেকেই ব্যথিত হন। কিন্তু যখন নিরপরাধ শিশুদের হত্যা করা হয়, যখন আমরা নিষ্পাপ শিশুদের মৃতদেহ দেখি, সেই দৃশ্য খুবই হৃদয় বিদারক। এই বেদনা সহ্য করা যায় না।"

২ পাতার পর

# ব্যবসায়ীদের ক্ষোভ মেয়রের উপস্থিতিতে; ফুড লেনের ভবিষ্যৎ নিয়ে বিপাকে পুরনিগম

দিয়ে গাছ বসানোর কাজ চলছে। কিন্তু অন্যদিকে স্টলগুলি স্থাপনের ক্ষেত্রে সমস্যায় পড়তে হয়েছে পুরনিগমকে।

এরপর জানা গিয়েছে যে শিলিগুড়ি দমকল কেন্দ্রের উল্টোদিকে এই স্টলগুলি বসানো হচ্ছে যেখানে বিগত কয়েক দশক ধরে ব্যবসা করে আসছেন বেশকিছু ফুল ও অন্যান্য দোকানের ব্যবসায়ীরা। দোকানগুলির সামনে ফুড স্টল বসানো হলে তাতে ব্যবসায় ক্ষতির মুখে পড়তে হবে বলে আশঙ্কা ব্যবসায়ীদের।

এদিন ওই এলাকায় মেয়র গৌতম দেব পৌঁছলে সেখানেও ব্যবসায়ীরা মেয়রের কাছে নিজেদের সমস্যার কথা তুলে ধরেন। খুব শীঘ্রই ব্যবসায়ীদের সমস্যা নিয়ে একটি গুরুত্বপূর্ণ মিটিং করা হবে বলে পুরনিগমের তরফে জানানো হয়েছে।

## ইগো সমস্যার কারণে বাইডেন নির্বাচন থেকে

# সরে দাঁড়াবেন না, ভবিষ্যৎবাণী ট্রাম্পের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে নিজের প্রার্থিতা প্রত্যাহার করবেন না, এমনটাই মনে করছেন তার পূর্বসূরী ডোনাল্ড ট্রাম্প। ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেছেন, বাইডেনের শক্তিশালী অবস্থান এবং ডেমোক্রেটিক পার্টির সমর্থন তার প্রার্থিতা চালিয়ে যেতে যথেষ্ট।

ট্রাম্প বলেন, বাইডেন প্রেসিডেন্ট এবং দলের জ্যেষ্ঠ নেতা হিসেবে ডেমোক্রেটিক পার্টিতে বেশ শক্তিশালী। তার ভক্ত-অনুসারী এবং প্রতিনিধিদেরও অভাব নেই। তাই তাকে সরানো অসম্ভব। এমনকি সংবিধানের ২৫ নম্বর ধারাও কোনো কাজে আসবে না। ট্রাম্প আরও বলেন, বাইডেনের ইগো সমস্যা রয়েছে এবং তিনি ট্রাম্পের সাথে প্রতিদ্বন্দ্বিতা করার

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৮৭ সংখ্যা ১০ জুলাই, ২০২৪ বুধবার ২৫ আষাঢ়, ১৪৩১

## নৈশভোজে বিশেষ অনুরোধ মোদির, সায় দিলেন পুতিন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুই দিনের সফরে রাশিয়া গেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সোমবার রাতে মস্কোয় রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে নৈশভোজে অংশ নেন তিনি। এ সময় মোদি পুতিনের কাছে একটি বিশেষ অনুরোধ করেন। পুতিন ভারতের প্রধানমন্ত্রীর এই অনুরোধ মেনে নেন। পাশাপাশি পুতিন মোদিকে তৃতীয়বার ভারতের প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ায় শুভেচ্ছা জানান।

২০২২ সালের ফেব্রুয়ারিতে রাশিয়া ইউক্রেন আক্রমণ করার পর থেকে যুদ্ধ চলছে পূর্ব ইউরোপে। এই যুদ্ধে অনেক ভারতীয় নাগরিকও জড়িয়ে পড়েছেন। কর্মসূত্রে বা অন্যান্য কারণে রাশিয়ায় থাকা ভারতীয়দের অনেকেই যুদ্ধে অংশ নিতে বাধ্য হয়েছেন। রাশিয়া-ইউক্রেন যুদ্ধে লড়াই করতে গিয়ে দু'জন ভারতীয় নাগরিক প্রাণ হারিয়েছেন। সূত্র জানিয়েছে, এই বিষয়ে মস্কোয় নৈশভোজের সময় মোদি ও পুতিন আলোচনা করেন। এর পরেই পুতিন ভারতীয় সেনাদের ছেড়ে দিতে সম্মত হন। রাশিয়ার সেনাবাহিনীতে এখনও বহু ভারতীয় রয়েছে। পুতিন জানিয়েছেন, তাদের সকলকেই মুক্তি দিয়ে দেশে ফেরানোর ব্যবস্থা করবে রাশিয়ার সরকার।

প্রতি বছর উচ্চ বেতনের চাকরির আশায় বহু ভারতীয় রাশিয়ায় যান। অভিযোগ উঠেছে, ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর থেকে অনেক ভারতীয়কে রাশিয়ার সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তাদের যুদ্ধ করতে বাধ্য করা হয়েছে। মোদির এই সফরের পর তারা দেশে ফিরতে পারবেন বলে আশা করা হচ্ছে।

রাশিয়া সফর শেষে মোদির অস্ট্রিয়া যাওয়ারও পরিকল্পনা রয়েছে। গত ৪১ বছরে এই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রী অস্ট্রিয়া সফর করবেন। পাঁচ বছর পর মোদির এই রাশিয়া সফর বিশেষ গুরুত্ব বহন করে। ইউক্রেন যুদ্ধের পর রাশিয়ার ওপর অনেক বিধিনিষেধ আরোপ করেছে আমেরিকা ও পশ্চিমা দেশগুলো। তবে ভারত প্রকাশ্যে রাশিয়ার বিরোধিতা করেনি। বিশেষজ্ঞদের মতে, মোদীর এই সফর আন্তর্জাতিক মহলে আলাদা গুরুত্ব বহন করছে।

## সম্পাদকীয়

## মামলার শুনানিতে এসেই ভাঙা সংসার জোড়া লাগে

পারিবারিক অশান্তিতে ছেলেকে নিয়ে আলাদা হয়ে গিয়েছিলেন বধূ। ২০২৩ সালে স্বামীর বিরুদ্ধে খোরপোশের মামলাও দায়ের করেছিলেন। কে জানত, সেই মামলার শুনানিতে এসেই ভাঙা সংসার জোড়া লেগে যাবে! সৌজন্যে তাঁদের ৬ বছরের ছোট্ট ছেলে।এর পরেই কথাবার্তা-কান্নাকাটিতে ধুয়ে যায় অভিমান। বাবলি বলেন, 'আমার মা-বাবার কথামতো স্বামীর সঙ্গে আলোচনা হল। আইনজীবীর সঙ্গে কথা বলব মামলা তুলে নেওয়ার জন্য। আমাদের জন্য ক্ষতি হচ্ছে সন্তানের। ছেলেটাকে কষ্ট দিতে চাই না।'

বেলেঘাটা মেন রোডের বাসিন্দা স্বপন দাসও বলেন, 'সমস্যা হয়েছিল সংসারে। আলোচনা করে মিটিয়ে নেওয়া যেত। কিন্তু ও (বাবলি) ছেলেকে নিয়ে বাড়ি ছেড়ে চলে গেল। এতদিন কষ্টের মধ্যেই দিন কাটাচ্ছিলাম, আজ ছেলেকে পেয়ে খুব আনন্দ হচ্ছে। যত তাড়াতাড়ি সম্ভব আইনি সমস্যা মিটিয়ে একসঙ্গে থাকতে শুরু করব আমরা।'মা-বাবার বিচ্ছেদের সবচেয়ে বড় 'ভিকটিম'।

শিয়ালদহ আদালত সূত্রের খবর ৩৬ বছরের গৃহবধূ বাবলি মণ্ডল ও তাঁর স্বামী স্বপন দাস সোমবার কোর্টে এসেছিলেন খোরপোশের মামলায়। স্ত্রীর অভিযোগ ছিল, তাঁর স্বামী ঠিকমতো খোরপোশের টাকা দিচ্ছেন না। এদিন ছিল সেই বিষয়ে শুনানি। ছেলেকে সঙ্গে নিয়ে এসেছিলেন বাবলি। সেখানেই প্রায় সাত মাস পরে বাবার সঙ্গে দেখা ছেলের।

জানা গেছে, দূর থেকে বাবাকে দেখেই কেঁদে ফেলে ছ'বছরের ছেলে, জোর করে মায়ের হাত ছেড়ে ছুটে গিয়ে বাবার গলা জড়িয়ে কোলে উঠে পড়ে সে। ছেলের কান্না দেখে কেঁদে ফেলেন বাবা স্বপন দাসও। ছেলেকে আদর করে কেক ও লজেন্স কিনে দেন তিনি। মা বাবলি অবশ্য বারবারই ডাকছিলেন ছেলেকে, কিন্তু সে বাবাকে ছেড়ে আসছিল না। বাবলির সঙ্গে ছিলেন তাঁর বৃদ্ধ বাবা-মাও। জামাইয়ের সঙ্গে নাতির এই চোখ ভিজে যাওয়া দশ্য দেখে তাঁরাই মেয়েকে বলেন, আর এই মামলা চালানোর দরকার নেই। নাতির কথা ভেবে যেন মেয়ে-জামাই বসে আলোচনা করে মিটিয়ে নেন সম্পর্কের সমস্যা। শেষমেশ বাবলিও তাতে সম্মতি দেন। কোর্ট চত্বরে বসেই স্বপন দাসের সঙ্গে কথা বলেন তাঁরা।

এর পরেই কথাবার্তা-কান্নাকাটিতে ধুয়ে যায় অভিমান। বাবলি বলেন, 'আমার মা-বাবার কথামতো স্বামীর সঙ্গে আলোচনা হল। আইনজীবীর সঙ্গে কথা বলব মামলা তুলে নেওয়ার জন্য। আমাদের জন্য ক্ষতি হচ্ছে সন্তানের। ছেলেটাকে কষ্ট দিতে চাই না।'

## ব্রিটিশদের বিরুদ্ধে গান্ধীবুড়ির আত্মবলিদানের পর ৮০ বছর কাটলেও তাঁকে নিয়ে সে ভাবে চর্চা নেই



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



হাজরার মূর্তি। ১৯৭৭ সালে কলকাতার ময়দানে এই মূর্তিটি স্থাপিত হয়। অন্যদিকে নারী আন্দোলনের ইতিহাসে

ব্রিটিশদের বিরুদ্ধে নারীদের লড়াইয়ের কথা উঠলে প্রথমেই সামনে চলে আসে প্রীতিলতা ওয়াদ্দেদারের নাম। চট্টগ্রামে মাস্টারদা সূর্য সেনের অন্যতম সহযোগী ছিলেন তিনি। মাস্টারদার নেতৃত্বে প্রীতিলতা ইউরোপীয় ক্লাবে আক্রমণ করেন। যেখানে স্পষ্টভাবে লেখা থাকতো 'কুকুর এবং ভারতীয়দের প্রবেশের অধিকার নেই'। এখানেই শেষ নয়, ধরা পড়ে প্রীতিলতা ব্রিটিশের হাতে নির্যাতিত হওয়ার থেকে সায়ানাইড খেয়ে নিজের প্রাণ ত্যাগ করা শ্রেয় মনে করেছিলেন।কনকলতা বরুয়ার কথা অনেকে জানলেও তার নাম খুব একটা আলোচিত হয় না।

ভারত ছাড়ো আন্দোলনের সময় এই নারী ব্রিটিশদের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করেন। তিনিই ভারতের প্রথম নারী শহিদ।বিভিন্ন ব্রিটিশ অফিসে ভারতের জাতীয় পতাকা তোলার উদ্দেশ্যে কনকলতা একটি ছোট দল নিয়ে রওনা হয়েছিলেন। কিন্তু সেটাই ছিল তার শেষযাত্রা। ব্রিটিশ পুলিশের গুলির নিশানা হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিলেন তিনি।তবে বুলেটের ভয় দমিয়ে রাখতে পারেনি সেই সময়ের সাহসী নারীদের। বীণা দাস তাদের মধ্যে অন্যতম। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাঙলার তৎকালীন গভর্নর স্ট্যানলি জ্যাকসনকে লক্ষ্য করে গুলি ছোড়েন। স্ট্যানলি বেঁচে গেলেও ধরা পড়েন বীণা। তার ৯ বছর কারাদণ্ড হয়। এই বীণাই বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতীয় সীমান্তে যশোর রোডে গড়ে ওঠা একটি অস্থায়ী হাসপাতালে আহত মুক্তিযোদ্ধাদের জন্য সারা কলকাতা ঘুরে ওষুধ সংগ্রহ করেছেন। তারপর সেই ওষুধ তিনি পৌঁছে দিতেন যশোর সীমান্তের নেতাজী ফিল্ড হাসপাতালে। সেবা করতেন মুক্তিযোদ্ধাদের।

সরোজিনী নাইডু নামটি শুনলে দক্ষিণ ভারতীয় বলে মনে হতে পারে। বিয়ের আগে তিনি ছিলেন সরোজিনী চট্টোপাধ্যায়। বঙ্গভঙ্গ আন্দোলনে প্রথম সারিতে ছিলেন তিনি। তার নেতৃত্বেই গড়ে ওঠে 'উইমেন্স ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন'। তিনিই প্রথম কংগ্রেসের বার্ষিক সভার সভাপতিত্ব করেন। ভারত স্বাধীনতা লাভের পর তিনি আগ্রার গভর্নর নিযুক্ত হন।তবে মাতঙ্গিনী হাজরার ভারতের স্বাধীনতা আন্দোলনে নারীদের জীবনদানের প্রতীক মনে করা হয়। পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলায় এই গ্রামীণ নারী মহাত্মা গান্ধীর আদর্শে অনুপ্রাণিত হয়ে ব্রিটিশ ভারত ছাড়ো আন্দোলনে জড়িয়ে পড়েছিল।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## মাত্র ১৫ মিনিটে দু'বার মন্ত্রী পদে শপথ নিলেন 'কংগ্রেস নেতা'

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : মাত্র ১৫ মিনিটেই মন্ত্রী পদে দু'বার শপথ নিয়ে আলোড়ন সৃষ্টি করেছেন ভারতের মধ্য প্রদেশের 'কংগ্রেস নেতা' রামনিবাস রাওয়াত।

প্রথমে প্রতিমন্ত্রী এবং দ্বিতীয়বার পূর্ণমন্ত্রী পদে শপথ নেন তিনি। তবে জানা গেছে, ছোট্ট একটি ভুলের কারণে ঘটনাটি ঘটে।

সোমবার রাজভবনে শপথ নেন রামনিবাস। তিনি মধ্য প্রদেশের বিজেপি সরকারে মন্ত্রী হয়েছেন। এর আগে তিনি কংগ্রেসের রাজনীতি করতেন।

স্থানীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের ১৮তম লোকসভা ভোট চলাকালীন গত এপ্রিলে কংগ্রেস থেকে বিজেপিতে যোগ দেন রামনিবাস। তিনি মধ্যপ্রদেশের ছয়বারের বিধায়ক। বিজেপিতে যোগ দিলেও তিনি কংগ্রেসের রাজনৈতিক পদ থেকে এখনও পদত্যাগ করেননি।



রাজ্যপাল মাঙ্গুভাই সি প্যাটেল সোমবার সকাল ৯টায় রাজভবনে রামনিবাসকে পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নিতে ডেকেছিলেন। মুখ্যমন্ত্রী মোহন যাদব ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে শপথ নেন তিনি।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, রামনিবাসের দু'বার শপথ নেন একটি ভুলের কারণে। ভুলবশত প্রথমে তিনি প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন। এটি বুঝতে ১৫ মিনিট লেগে যায় সংশ্লিষ্টদের। পরে আবার পূর্ণমন্ত্রী হিসেবে দ্বিতীয়বার শপথবাক্য পাঠ করেন রামনিবাস।

এখানেও আবার পদ্ধতিগত একটি ত্রুটি রয়েছে। কারণ, রামনিবাস প্রথমে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর সেটি থেকে ইস্তফা না দিয়েই পূর্ণমন্ত্রীর শপথ নেন। সে হিসেবে এখন তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পূর্ণমন্ত্রী ও প্রতিমন্ত্রী।

এ শপথ নিয়ে অবশ্য গর্বিত রামনিবাস। তিনি বলেন, আমি দুবার শপথ নিয়েছি। আমিই প্রথম মন্ত্রী যে আধা-ঘণ্টার মধ্যে দুইবার শপথ নিয়েছি।

সমস্যা আরও আছে, রামনিবাস এখনও কংগ্রেস থেকে পদত্যাগ করেননি। কিন্তু তিনি বিজেপির মন্ত্রী হয়ে গেছেন। এ নিয়ে রাজ্যে ব্যাপক সমালোচনা চলছে।

প্রতিবেদনে বলা হয়েছে, রামনিবাস রাওয়াত কংগ্রেসের মধ্য প্রদেশ রাজ্য শাখার কার্যকরী সভাপতির পদে রয়েছেন। তিনি এ দাবিও করছেন, কংগ্রেসের প্রতি তার কোনও ক্ষোভ নেই। তবে, বিজেপি সরকার তাকে যে সম্মান দিয়েছে, তা তাকে তার পুরনো দল দেয়নি।


৩ পাতার পর

## ইগো সমস্যার কারণে বাইডেন নির্বাচন থেকে সরে দাঁড়াবেন না, ভবিষ্যৎবাণী ট্রাম্পের

জন্যই নির্বাচনে অংশ নিচ্ছেন। যুক্তরাষ্ট্রের সংবিধানের ২৫ নম্বর ধারা অনুসারে, প্রেসিডেন্ট যদি সিদ্ধান্ত গ্রহণে অক্ষম হয়ে পড়েন, তবে ভাইস প্রেসিডেন্ট এবং মন্ত্রিসভার সদস্যরা প্রেসিডেন্টকে পদ থেকে অব্যাহতি দিতে পারেন। তবে ট্রাম্পের মতে, এই ধারা প্রয়োগ করে বাইডেনকে সরানো সম্ভব হবে না।

২০২০ সালের নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে পরাজিত করে প্রেসিডেন্ট হওয়া বাইডেনের বয়স তখন ছিল ৭৮ বছর, আর ট্রাম্পের বয়স ছিল ৭৫ বছর। বর্তমানে বাইডেনের বয়স ৮১, যা তাকে যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বেশি বয়সী প্রেসিডেন্ট হিসেবে চিহ্নিত করেছে।

আগামী নভেম্বরে আবার নির্বাচন অনুষ্ঠিত হবে। ডেমোক্রেটিক পার্টির



অনেক নেতাই বাইডেনকে এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করার পরামর্শ দিয়েছিলেন। কিন্তু বাইডেন তাদের কথা শোনেননি।

সিএনএনের আয়োজনে গত ২৮ জুন প্রথমবারের মতো নির্বাচনী বিতর্ক হয় ডোনাল্ড ট্রাম্প এবং জো বাইডেনের মধ্যে। সেখানে বাইডেনের প্রশাসনের অর্থনীতি সামলানো, পররাষ্ট্রনীতি এবং অভিবাসন ইস্যুতে ট্রাম্প তীব্র সমালোচনা করেন। তবে বাইডেন সেই সমালোচনা মোকাবিলায় বেশ ক্লান্ত দেখাচ্ছিলেন এবং তিনি সফলভাবে প্রতিউত্তর দিতে ব্যর্থ হন। দ্বিতীয় বিতর্কের পর একটি জরিপে দেখা গেছে, যারা বিতর্ক দেখেছেন তাদের মধ্যে ৬৭ শতাংশই ট্রাম্পকে যুক্তরাষ্ট্রের পরবর্তী প্রেসিডেন্ট হিসেবে দেখতে চান। বিতর্কের পর ডেমোক্রেটিক পার্টির মধ্যে বাইডেনের প্রার্থিতা প্রত্যাহারের বিষয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। দলের কয়েকজন গুরুত্বপূর্ণ দাতা জানিয়েছেন, বাইডেন প্রার্থিতা প্রত্যাহার না করলে তারা তহবিলে অর্থ প্রদান বন্ধ করবেন।

তবে বাইডেন এসব সমালোচনায় কান দিচ্ছেন না। কিছুদিন আগে এবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, যদি সর্বশক্তিমান ঈশ্বর আমার সামনে এসে আমাকে প্রার্থিতা প্রত্যাহারের আদেশ দেন, কেবল তাহলেই আমি তা করতে পারি। আর তেমনটি ঘটার সম্ভাবনা নাই।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এছাড়া দিন ব্যাপী চলে গীতা পাঠ, বাল্যভোগ, লোকনাথের জীবন বৃত্তান্ত পাঠ, রাজভোগ, প্রসাদ বিতরণ ও আরতী কীর্তনসহ ধর্মীয় নানা অনুষ্ঠান।শ্রী শ্রী বাবা লোকনাথ ব্রহ্মচারীর আশ্রমের দক্ষিণের উঠানে তাঁর সমাধিস্থলের পশ্চিমে শত বৎসর ধরে কালের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে বিশাল আকৃতির একটি বকুল গাছ । আশ্রমের ভেতরে আছে লোকনাথ ব্রহ্মচারীর বিশাল তৈলচিত্র। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## প্রভাসের সঙ্গে 'প্রেম' নিয়ে জল্পনা বাড়তেই মুখ খুললেন দিশা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনেতা টাইগার শ্রফ ও অভিনেত্রী দিশা পাটানির সম্পর্ক এখন অতীত। দীর্ঘ প্রায় অর্ধ যুগ ধরে তারা প্রেমের সম্পর্কে ছিলেন। সে সময় প্রেম থেকে সংসারে প্রবেশ করতে চেয়েছিলেন দিশা। কিন্তু বিয়ের কথা শুনলেই গায়ে জ্বর আসত টাইগারের। এ নিয়েই শুরু হয় দ্বন্দ্ব, ভেঙে যায় দীর্ঘ দিনের সম্পর্ক। তবে সম্প্রতি দিশা পাটানির ডেটিং লাইফ ঘিরে তুমুল কৌতূহল তৈরি হয়েছে নেটিজেনদের মাঝে। মূলত তার হাতে একটি আকর্ষণীয় ট্যাটুর ছবি প্রকাশ্যে আসার পর তা যেন আরও বেড়ে গেছে।

গুঞ্জন উঠেছে লুকিয়ে লুকিয়ে প্রভাসের সঙ্গে প্রেম করছেন তিনি। আর সেই জল্পনার মাঝেই এবার মুখ খুললেন অভিনেত্রী। সম্প্রতি পাপারাজ্জির ক্যামেরায় ধরা পড়া দিশার সেই ট্যাটুতে দেখা যায় 'পিডি' লেখা। যার পরই উস্কে যায় প্রভাস-দিশার প্রেমের গুঞ্জন। বেশ কয়েকজন ইনস্টাগ্রাম ব্যবহারকারী ভাইরাল হওয়া ছবির কমেন্ট সেকশনে মন্তব্য করেন। যাদের মধ্যে অনেকেরই মত ছিল, দিশা তার 'কল্কি ২৮৯৮ এডি' সহ-অভিনেতা প্রভাসের সঙ্গে প্রেম করছেন। প্রভাসের নামেরই আদ্যাক্ষর ওই ট্যাটুতে।

একজন ব্যবহারকারী লিখেছেন, 'প্রভাস (লাল হৃদয়ের ইমোজি) দিশা। আবার অনেকে শুধু 'প্রভাস' মন্তব্য করেছেন। এই জল্পনার কয়েক ঘণ্টা পরেই দিশা নিজের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে নতুন ট্যাটু নিয়ে মুখ খুললেন। তিনি তার ফিডে একই ছবি শেয়ার করেছেন এবং ক্যাপশনে লিখেছেন, 'আমার ট্যাটু ঘিরে এত কৌতূহল দেখে মজা পেয়েছি! বোঝার চেষ্টা করছি এত আনন্দ কীসের! দিশার রহস্যময় বক্তব্য আরও বাড়িয়ে দিল জল্পনা। যদিওবা ট্যাটুর অর্থ কি তা খোলাসা করেননি অভিনেত্রী।

সম্প্রতি দিশাকে তার কথিত প্রেমিক আলেকজান্ডার অ্যালেক্স ইলিচের সঙ্গে বেশ ঘনিষ্ঠভাবে দেখা যায়। এই অ্যালেকজান্ডারের পুরো হাত ও বাইসেপ জুড়ে রয়েছে দিশা পাটানির মুখ। যদিও তারা তাদের সম্পর্কের বিষয়টি নিশ্চিত কিংবা অস্বীকার কোনোটাই করেননি।

## ৭ ভাষায় মুক্তি পাচ্ছে 'দেবী চৌধুরাণী'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কালজয়ী উপন্যাস 'দেবী চৌধুরাণী' সিনেমার শুটিং শেষ হয়েছে। এখন চলছে পোস্ট প্রোডাকশনের কাজ।

জানা গেছে, আগামী ২২ সেপ্টেম্বর বাংলা হিন্দি, ইংরেজি, তামিল, তেলেগু, মালয়ালম ও কন্নড় ভাষায় মুক্তি পাবে সিনেমাটি। পরিচালক শুভ্রজিৎ মিত্র জানিয়েছেন, ভারত-যুক্তরাজ্য সরকারের যৌথ প্রযোজনায় এ সিনেমা তৈরি হচ্ছে।

তিনি বলেন, "সিনেমার নামই বলে দিচ্ছে ব্রিটিশবিরোধী আন্দোলনের ঐতিহাসিক নারী চরিত্র 'দস্যুরাণী দেবী চৌধুরাণী'কে নিয়ে আবর্তিত হয়েছে কাহিনী। ভারত ও যুক্তরাজ্য সরকারের ২০০৭ সালের ইন্দো-ইউকের সংস্কৃতি বিনিময়ের চুক্তির পথ ধরে যৌথভাবে সিনেমাটি নির্মিত হচ্ছে।"

মূল চরিত্র 'দেবী চৌধুরাণী'র ভূমিকায় অভিনয় করছেন শ্রাবন্তী চট্টোপাধ্যায়। ভবানী পাঠক হয়েছেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। এছাড়া সব্যসাচী চক্রবর্তী, অর্জুন চক্রবতী, দর্শনা বণিক, বিবৃতি চট্টোপাধ্যায়, কিঞ্জল নন্দাসহ আরও অনেকে কাজ করেছেন।

'দেবী চৌধুরানীর' অ্যাকশন দৃশ্য পরিচালনা করেছেন বলিউডের অভিনেতা ভিকি কৌশলের বাবা শাম কৌশল। সংগীত পরিচালনা করেছেন বিক্রম ঘোষ।

## কল্কিতে কত ঘণ্টা লেগেছিল অমিতাভ বচ্চনের মেকআপ নিতে?





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুক্তি পেয়েছে বহু প্রতীক্ষিত সিনেমা 'কল্কি ২৮৯৮ এডি'। নাগ অশ্বিন পরিচালিত এই সিনেমাটিই চলতি বছরের অন্যতম বড় বাজেটের সিনেমা। 'কল্কি'তে অভিনয় করার জন্য বড় অঙ্কের পারিশ্রমিক নিয়েছেন প্রভাস, দীপিকা পাডুকোন ও অমিতাভ বচ্চন।

৮১ বছর বয়সেও অমিতাভ পর্দায় এসে অনুরাগীদের মাঝে হইচই ফেলে দিয়েছেন। অশ্বত্থামা লুকে একেবারে তাক লাগিয়েছেন তিনি। এই মেকআপ নিতে অনেক কাঠখড় পোড়াতে হয়েছে অমিতাভকে। প্রায় ১০ ঘণ্টা এক টানা বসে থেকে এই মেকআপ নিয়েছেন।




সম্প্রতি অমিতাভের অশ্বত্থামা লুকের ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করে মেকআপ আর্টিস্ট করণদীপ সিং ক্যাপশনে লিখেছেন, 'কল্কির পুরো টিমকে শুভেচ্ছা। বক্স অফিসে যেভাবে ঝড় তুলেছে এই ছবি। তা দেখে বোঝা যাচ্ছে, কল্কি গোটা বিশ্বে রেকর্ড করবে।'

তিনি আরও লিখেছেন, 'আশা করি অমিতাভ স্যারের এই লুক সকলের পছন্দ হয়েছে। এখানে সেই লুক তৈরির কয়েক ঝলকই রইল আপনাদের জন্য। বড় পর্দায় পারফেক্ট অশ্বত্থমা হয়ে উঠতে প্রতিদিন সেটে তিন থেকে চার ঘণ্টা মেকআপ করতে হত অমিতাভকে।'

'কল্কি' ছবিটিতে ভৈরব নামে এক শিকারির গল্প বলা হয়েছে। ক্যাম্পাসে নিজের জীবন গড়ার বিশাল উচ্চাকাঙ্ক্ষা তার। তিনি কীভাবে অশ্বত্থামা (অমিতাভ) এবং সুম ৮০ (দীপিকা) সঙ্গে পথ অতিক্রম করেন, তা নিয়েই এগোয় গল্পটি। কমল হাসান কমপ্লেক্সের শাসক সুপ্রিম ইয়াসকিনের চরিত্রে অভিনয় করেছেন। ছবিতে ম্রুনাল ঠাকুর, আন্না বেন, বিজয় দেবেরাকোন্ডা, দুলকার সালমান এবং ব্রক্ষানন্দমের মতো তারকারা অতিথি চরিত্রে অভিনয় করেছেন।

প্রসঙ্গত, বক্স অফিস জুড়ে এখন শুধুই 'কল্কি ২৮৯৮ এডি' -এর ঝড়। মুক্তির আগেই সিনে বিশেষজ্ঞরা মনে করেছিল, এই ছবি রেকর্ড ব্যবসা করবে। সেই ট্রেন্ড বোঝা গিয়েছিল মুক্তির চারদিনেই ব্যবসা চারশো কোটি পার করার পর। তবে এবার কল্কির নতুন চমক। সব রেকর্ডকে ভেঙে দিয়ে মাত্র সাতদিনেই গোটা বিশ্বে সাতশো কোটি টাকা আয় করতে চলেছে এই ছবি।

## আবারো বাবা হতে চলছেন আরবাজ খান!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডে খান পরিবারে আসছে নতুন অতিথি। এমন গুঞ্জন ছড়িয়ে পড়েছে চারদিকে। এ গুঞ্জন অবশ্য উসকে দিয়েছেন বলিউড মেগাস্টার সালমান খানের ভাই আরবাজ খান এবং তার স্ত্রী সুরা খান।

সম্প্রতি মুম্বাইয়ের একটি হাসপাতালের সামনে একসঙ্গে দেখা গেছে এই দম্পতিকে। সেখান থেকেই ছড়িয়েছে এই গুঞ্জন। ভারতীয় সংবাদমাধ্যদের দাবি, হাসপাতালের সামনে ক্যামেরায় ধরা পড়তেই পাপারাজ্জিরা আরবাজ-সুরার উদ্দেশ্যে প্রশ্ন ছুড়ে দেন, 'কোনো সুখবর আছে নাকি?' তাদের প্রশ্নের উত্তর না দিলেও হাতে হাত রেখে হাসপাতাল থেকে বেরিয়ে আসেন এই জুটি। এরপর দ্রুত গাড়িতে উঠে পড়েন। নেটপাড়ায় এ ভিডিও ছড়িয়ে পড়তেই নেটিজেনরা দুইয়ে দুইয়ে চার মেলাচ্ছেন। তারা বলছেন, সুখবর দিতে চলেছেন আরবাজ ও সুরা। যদিও এমন মন্তব্যে এখনো কোনো প্রতিক্রিয়া করেননি আরবাজ ও সুরা।

প্রসঙ্গত, বলিউড সেলিব্রেটি মালাইকা অরোরার সঙ্গে বিবাহবিচ্ছেদের পর ২০২৩-এর ডিসেম্বরে সুরা খানের সঙ্গে বিয়ের পিঁড়িতে বসেন আরবাজ। বিয়ের আগে প্রায় এক বছর প্রেমের সম্পর্কে ছিলেন তারা।

## কান্নাকাটি করে ছবিতে অভিনয়ের সুযোগ পান নায়িকা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনয়ের স্বপ্ন বাস্তবায়ন করতে বিদেশে চাকরি ছেড়ে মুম্বাইয়ে পারি জমান সোনিয়া রাঠি। অভিনেতা জন আব্রাহমের ছবির হাত ধরে বলিপাড়ায় আত্মপ্রকাশ করেন তিনি। ১৯৯৬ সালের ২৫ ডিসেম্বর হরিয়ানায় জন্ম সোনিয়ার। সেখানে বাবা-মা এবং ভাইয়ের সঙ্গে থাকতেন তিনি। তার ভাই অঙ্কুর রাঠি পেশায় অভিনেতা। 'দ্য তাশকেন্ট ফাইলস' 'মিশন ওভার মার্স'-এর মতো ছবির পাশাপাশি 'ফোর মোর শটস প্লিজ' এবং 'আনদেখি'র মতো সিরিজে অভিনয় করেছেন অঙ্কুর।

শৈশব থেকেই অভিনয়ের প্রতি আগ্রহ ছিল সোনিয়ার। কিন্তু সোনিয়াকে তার মা বলেছিলেন, যত দিন না পাকাপাকি ভাবে কোনও চাকরি পাচ্ছেন তত দিন যেন অভিনয় নিয়ে কেরিয়ার তৈরির কথা না ভাবেন। মায়ের কথা মেনে পড়াশোনায় মন দেন সোনিয়া। হরিয়ানায় জন্ম হলেও পরিবার সমেত আমেরিকার ক্যালিফর্নিয়ায় চলে যান সোনিয়া। ফিন্যান্স এবং মার্কেটিং নিয়ে সেখানকার কলেজ থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন তিনি।

কলেজের পড়াশোনা শেষ করার পর নিউ ইয়র্কে একটি বেসরকারি সংস্থায় চাকরি করতে শুরু করেন সোনিয়া। কিন্তু চাকরিতে মন বসছিল না তার। চাকরির পাশাপাশি অভিনয় শিখতে শুরু করেন তিনি। নাচের একটি প্রশিক্ষণ কেন্দ্রও খোলেন। এক বছর পর চাকরি ছেড়ে মুম্বই চলে যান সোনিয়া। মুম্বই যাওয়ার পর নানা জায়গায় অডিশন দিতে শুরু করেন তিনি।

২০১৪ সালে 'মিস্টার ব্রাউন' নামের একটি স্বল্পদৈর্ঘ্যের ছবিতে প্রোডাকশন ডিজাইন বিভাগে সহকারী হিসেবে কাজ করেন তিনি। একই বছর '১০০: দ্য ট্রিবিউট' ছবিতে কেশসজ্জাশিল্পী হিসাবে কাজ করেন সোনিয়া।

২০১৫ সালে 'দ্য র‍্যাট' নামের স্বল্পদৈর্ঘ্যের ছবিতে সহকারী সজ্জাশিল্পী হিসাবে কাজের সুযোগ পান সোনিয়া। তিন বছর পর ২০১৮ সালে 'নাইট এনকাউন্টার্স' নামে একটি স্বল্পদৈর্ঘ্যের ছবিতে অভিনয় করতে দেখা যায় তাকে।

নিজের নামে ইউটিউবে একটি চ্যানেল খোলেন সোনিয়া। হিন্দি গানের ছন্দে নাচ করে সেই ভিডিও নিজের চ্যানেলে পোস্ট করেন। ২০২০ সালের জুলাই মাসে এক জনপ্রিয় ইউটিউব চ্যানেলের ভিডিওতে দেখা যায় তাকে। খ্যাতনামী র‍্যাপ সঙ্গীতশিল্পী বাদশার একটি মিউজিক ভিডিওতে অভিনয় করতে দেখা যায় সোনিয়াকে।

এক পুরনো সাক্ষাৎকারে তিনি জানিয়েছিলেন, তিনি যখন অভিনয় শুরু করেন তখন তার ওজন ৯০ কেজি ছিল। বহু পরিশ্রম করে নিজের ওজন কমিয়েছিলেন তিনি। ইংরেজির পাশাপাশি স্প্যানিশ ভাষায় দক্ষ হয়ে ওঠেছেন। নতুন পরিবেশে মানিয়ে নিতে অসুবিধা হচ্ছিল তার। সোনিয়া বলেন, 'আমি জীবনের অনেকটা সময় ক্যালিফর্নিয়ায় কাটিয়েছি। তার পর আমি নিউ ইয়র্ক চলে যাই। দেশে ফেরার পর এখানকার মানুষের কাজ করার পদ্ধতির সঙ্গে মানিয়ে নিতে প্রথম প্রথম খুব অসুবিধা হয়েছিল। বিদেশে ইমেল মারফত কাজসংক্রান্ত দরকারি কথাবার্তা হয়। কিন্তু এখানে সবকিছুই হোয়াটস্‌অ্যাপে। এ রকম ছোটখাটো বিষয় ছিল। তবে এখন এই শহরই আমার বাড়ি হয়ে গেছে।'

২০২১ সালে 'ব্রোকেন বাট বিউটিফুল' সিরিজের তৃতীয় সিজনে অভিনয়ের মাধ্যমে ওটিটির পর্দায় আত্মপ্রকাশ করেন সোনিয়া। সিদ্ধার্থ শুক্লের বিপরীতে অভিনয় করতে দেখা যায় তাকে। গুঞ্জণ শোনা যায়, 'ব্রোকেন বাট বিউটিফুল'-এর তৃতীয় সিজনে সিদ্ধার্থের বিপরীতে অভিনয় করার কথা ছিল শেহনাজ গিলের। কিন্তু সেই চরিত্রের জন্য পরে সোনিয়াকে অভিনয়ের প্রস্তাব দেন নির্মাতারা। ২০২১ সালে ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পায় 'ডিকাপল্‌ড' নামের একটি ওয়েব সিরিজ। সেখানে আর মাধবন এবং সুরভিন চাওলার মতো তারকাদের সঙ্গে অভিনয়ের সুযোগ পান সোনিয়া।

২০২২ সালে প্রেক্ষাগৃহে মুক্তি পায় 'তারা ভার্সেস বিলাল'। এই ছবির প্রযোজনার দায়িত্বে ছিলেন বলি অভিনেতা জন আব্রাহম। জন প্রযোজিত ছবির মাধ্যমেই বড় পর্দায় যাত্রা শুরু করেন সোনিয়া। এই ছবিতে হর্ষবর্ধন রানের সঙ্গে অভিনয় করতে দেখা যায় তাকে।

এক পুরনো সাক্ষাৎকারে সোনিয়া বলেছিলেন, 'আমি কান্নাকাটি করে 'তারা ভার্সেল বিলাল' ছবিতে অভিনয়ের সুযোগ পেয়েছি। অডিশন দেয়ার সময় আমায় নানা রকম ভাবে কাঁদতে বলা হয়েছিল। আমার কান্না দেখেই ছবিনির্মাতারা আমায় অভিনয়ের প্রস্তাব দিয়েছিলেন। ছবিতেও আমায় বেশির ভাগ সময় কান্নাকাটি করতেই দেখা গিয়েছিল।'

তামিল এবং তেলুগু সিনেমার জগতে জনপ্রিয় অভিনেতা সন্দীপ কিষণ। গুঞ্জন শোনা যায়, দক্ষিণী তারকা সন্দীপের সঙ্গে নাকি সম্পর্কে ছিলেন সোনিয়া। তবে এই বিষয়ে দু'জনের কেউই মুখ খোলেননি। ২০২২ সালের পর সোনিয়াকে আর অভিনয় করতে দেখা যায়নি। তবে সমাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয় থাকেন তিনি। অভিনেত্রীর ব্যাক্তিগত জীবনের খুঁটিনাটিও এখানেই ধরা পড়ে। ইতোমধ্যে ইনস্টাগ্রামে সোনিয়ার অনুগামীর সংখ্যা চার লাখের গণ্ডি পার করে ফেলেছে।

# আফগানিস্তানের সঙ্গে সিরিজ না খেলার সিদ্ধান্তে অনড় অস্ট্রেলিয়া




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আফগানিস্তানে নারীদের অধিকারের বিষয়ে তালেবান সরকারের অবস্থান পরিবর্তন না হলে দেশটির বিপক্ষে দ্বিপাক্ষিক সিরিজ খেলা হবে না বলে আবারও স্পষ্ট জানিয়ে দিলেন ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) প্রধান নির্বাহী নিক হকলি। এই বিষয়ে আফগানিস্তান ক্রিকেট বোর্ডের (এসিবি) সঙ্গে নিয়মিত আলোচনা হচ্ছে জানিয়ে তিনি বললেন, অবস্থার উন্নতি হলে ভবিষ্যতে কোনো এক সময়ে দ্বিপাক্ষিক সিরিজ শুরু করবেন তারা।

আফগানিস্তানে নারীদের মানবাধিকার লঙ্ঘন হচ্ছে- এমন অভিযোগ তুলে দেশটির পুরুষ ক্রিকেট দলের বিপক্ষে একাধিকবার দ্বিপাক্ষিক সিরিজ স্থগিত করলেও তাদের বিপক্ষে বিশ্বকাপে ঠিকই খেলছে অস্ট্রেলিয়া। ওই ম্যাচের পর আফগান অধিনায়ক রাশিদ খানও বারবার অস্ট্রেলিয়ার দ্বিপাক্ষিক সিরিজ স্থগিতের সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তোলেন।

সিএ প্রধান নির্বাহী হকলি বললেন, নারীদের অধিকারের বিষয়ে আফগান সরকারের অবস্থানের পরিবর্তন হলেই কেবল দ্বিপাক্ষিক সিরিজ খেলবেন তারা।

তিনি জানান, "অসাধারণ খেলোয়াড়দের নিয়ে তাদের (আফগানিস্তান) দুর্দান্ত একটি টুর্নামেন্ট কেটেছে এবং তারা সামর্থ্যের সবটুকু দিয়ে খেলেছে। আমাদের দ্বিপাক্ষিক ম্যাচগুলির বিষয়ে অস্ট্রেলিয়ান সরকারসহ অংশীদারদের সঙ্গে আমরা আলোচনা করেছি এবং মানবাধিকারের প্রশ্নে আফগানিস্তান ক্রিকেট বোর্ডের সঙ্গে আমাদের সবশেষ কয়েকটি সিরিজ স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছি।"

তিনি আরও বলেন, "আমরা আফগানিস্তান ক্রিকেট বোর্ডের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রেখে নিয়মিত আলোচনা করছি এবং নারী ও পুরুষ উভয়ের জন্যই বিশ্বব্যাপী ক্রিকেটের উন্নতি দেখতে চাই। আমরা (নারীদের অধিকারের বিষয়ে আফগান সরকারের অবস্থানের) উন্নতির আশা করি এবং আফগানিস্তান ক্রিকেট বোর্ডের সঙ্গে আলোচনা ও যোগাযোগ অব্যাহত রেখে ভবিষ্যতে কোনো এক সময়ে আফগানিস্তানের বিপক্ষে দ্বিপাক্ষিক সিরিজ শুরু করতে চাই।"

বৈশ্বিক আসর ছাড়া অস্ট্রেলিয়ার বিপক্ষে কেবল একটি ম্যাচই খেলার সুযোগ পেয়েছে আফগানিস্তান। ২০১২ সালে সংযুক্ত আরব আমিরাতে পাকিস্তানের বিপক্ষে সিরিজ খেলতে গিয়ে শারজাহতে আফগানদের বিপক্ষে একটি ওয়ানডে খেলেছিল অস্ট্রেলিয়া। এরপর দীর্ঘ অপেক্ষা শেষে ২০২১ সালে অস্ট্রেলিয়ায় একটি টেস্ট খেলার সুযোগ আসে আফগানিস্তানের সামনে। কিন্তু দেশটিতে নারীদের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তুলে সেটা স্থগিত করে দেয় অস্ট্রেলিয়া। পরে গত বছরের মার্চে আফগানদের সঙ্গে প্রস্তাবিত তিন ম্যাচের ওয়ানডে সিরিজও তারা স্থগিত করে দেয় একই কারণে।

আগামী অগাস্টে আফগানিস্তানের বিপক্ষে নিরপেক্ষ ভেন্যুতে তিনটি টি-টোয়েন্টি খেলার কথা ছিল অস্ট্রেলিয়ার। যা আইসিসির ভবিষ্যৎ সফর সূচির অংশ। সেটাও স্থগিত করে দেয় অস্ট্রেলিয়া। ২০২১ সালে তালেবান সরকার গঠনের পর আফগানিস্তানে মেয়েদের খেলাধুলায় নিষেধাজ্ঞা আরোপ করা হয়, কড়াকড়ি করা হয় মেয়েদের উচ্চশিক্ষায়ও।

তালেবান ক্ষমতা দখলের আগে ২০২০ সালে আফগানিস্তান ক্রিকেট বোর্ডের (এসিবি) চুক্তিতে ছিলেন, এমন ১৭ নারী ক্রিকেটার গত সোমবার আইসিসি চেয়ারম্যান গ্রেগ বার্কলেকে চিঠি পাঠিয়ে অস্ট্রেলিয়ায় একটি শরণার্থী দল গঠনে সহায়তা চায়। চিঠিতে অস্ট্রেলিয়াভিত্তিক ইস্ট এশিয়ান ক্রিকেট অফিসের মাধ্যমে দলটি পরিচালনার দাবি করা হয় এবং তারা আফগান বোর্ডের ব্যানারে খেলবে না বা তাদের আফগান জাতীয় দল বলে ডাকা হবে না।

# বাবর নেপাল দলেও জায়গা পাওয়ার যোগ্য না : শোয়েব মালিক





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়ানডে বিশ্বকাপের পর টি-টোয়েন্টি বিশ্বকাপেও ব্যর্থ পাকিস্তান। সাত মাসের ব্যবধানে দুটি বিশ্বকাপে প্রত্যাশিত পারফরম্যান্স করতে পারেনি বাবর আজমের নেতৃত্বাধীন দলটি। যে কারণে বাবর আজমের অধিনায়কত্ব নিয়ে প্রশ্ন উঠেছে।

২০০৭ সালের পর এবারই প্রথম এত দ্রুত টি-টোয়েন্টি বিশ্বকাপের আসর থেকে বিদায় নিতে হলো পাকিস্তানকে। এই আসরে বাবরদের হার হজম করতে হয়েছে যুক্তরাষ্ট্রের মতো দলের কাছেও। যে কারণে ক্রিকেটারদের নিয়ে খুবই বিরক্ত বর্তমান ও সাবেক তারকা ক্রিকেটাররা।

এরইমধ্যে একটি টকশোতে অধিনায়ক বাবরের সমালোচনা করতে গিয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন সাবেক অলরাউন্ডার শোয়েব মালিক। তিনি মনে করছেন, বাবর ভালো কোনো দলে খেলার জন্য ফিট নন। এমনকি নেপাল দলেও জায়গা পাওয়ার যোগ্য নন তিনি।

মালিক আরও বলেন, আমাদের সেরা খেলোয়াড় হলেন বাবর আজম। যে শীর্ষ ৪-৫টি দলের কথা বলা হয়। বাবর কি সেই দলের একাদশে জায়গা পাবে? অস্ট্রেলিয়া, ভারত বা ইংল্যান্ডের এই ফরম্যাটে? উত্তর হল না! এমনকি নেপালও বাবর আজমকে তাদের দলে নেবে না।

## শোয়েবের সঙ্গে বিয়ের আগে

# এক অভিনেতার সঙ্গে সম্পর্কে জড়ান সানিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দু'দশকের বেশি সময় ধরে টেনিস খেলেছেন। আন্তর্জাতিক স্তরে দেশের নাম উজ্জ্বল করেছেন সানিয়া মির্জা। টেনিস থেকে অবসর নিলেও তাকে নিয়ে চর্চার শেষ নেই। টেনিস তারকা সানিয়ার ব্যক্তিগত জীবন নিয়ে কাটাছেঁড়া চলে অবিরত। জানা যায়, এক বলি অভিনেতার সঙ্গেও নাকি সম্পর্কে জড়িয়েছিলেন তিনি। কিন্তু সেই বলি নায়ক সানিয়ার উপর অধিকারবোধ ফলাতেন বলে সম্পর্কে ইতি টানেন টেনিস তারকা।

২০১০ সালের এপ্রিল মাসে পাকিস্তানি ক্রিকেটার শোয়েব মালিককে বিয়ে করেন সানিয়া। বিয়ের আট বছর পর ২০১৮ সালে পুত্রসন্তান ইজহানের জন্ম দেন তিনি। দীর্ঘ দিন এক ছাদের তলায় থাকলেও সংসার ভেঙে যায় সানিয়া এবং শোয়েবের। ২০২৪ সালের জানুয়ারি মাসে সানিয়া সামাজিক যোগাযোগ মাধ্যমে জানান যে, কয়েক মাস আগে শোয়েবের সঙ্গে বিচ্ছেদ হয়ে গিয়েছে তার। বিচ্ছেদের পর পুত্রসন্তানকে নিয়ে একাই থাকেন সানিয়া। টেনিস থেকে অবসরও নিয়েছেন তিনি।

# তুরস্কের উৎসবের নায়ক গুনোক




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জয় ছাপিয়ে রেকর্ড, বিশেষ কীর্তি কিংবা দর্শনীয় কোনো গোল-সেভ হয় চায়ের আড্ডার বিষয়বস্তু। গত মঙ্গলবার ইউরোর শেষ ষোলোয় অস্ট্রিয়া-তুরস্ক ম্যাচ অনেক ঘটনার সাক্ষী। লিপজিগের বৃষ্টিস্নাত ম্যাচটি জুগিয়েছে চোখের শান্তি। কখনও টেনে নিয়ে গেছে ৫০ বছর আগের স্মৃতিতে, গুছিয়েছে ১৬ বছরের আক্ষেপও। পরতে পরতে উত্তেজনা ছড়ানো ম্যাচে ২-১ গোলের জয়ে তুরস্ক পৌঁছেছে কোয়ার্টার ফাইনালে। তুরস্কের হয়ে গোল দুটি করেছেন মেরিহ দেমিরাল। তবে ৯৫ মিনিটে চোখ ধাঁধানো এক সেভে ইতিহাস নাড়িয়ে দিয়েছেন মার্ট গুনোক।

এদিন রেড বুল অ্যারেনায় দর্শকরা তখনও নড়েচড়ে বসেনি। এমন সময় কেঁপে ওঠে অস্ট্রিয়ার জাল। ম্যাচ ঘড়ির ৫৭ সেকেন্ডে দলকে লিড এনে দেন দেমিরাল। কর্নার থেকে আরদা গুলেরের নেওয়া শট বক্সের জটলায় পড়লে বল বিপদমুক্ত করতে ব্যর্থ হন অস্ট্রিয়ার গোলকিপার প্যাট্রিক পেনৎস। পাশেই দাঁড়িয়ে থাকা দেমিরাল উঁচু করে নেওয়া শটে গোল আদায় করেন। ইউরোর নকআউট পর্বের ইতিহাসে এটিই এখন দ্রুততম গোল।

দ্বিতীয়ার্ধে মুহুর্মুহু আক্রমণে তুরস্কের রক্ষণদুর্গে ঝড় বইয়ে দেন অস্ট্রিয়া ফরওয়ার্ডরা। কিন্তু সমতায় ফেরা হয়নি। ৫৯ মিনিটে নিজের জোড়া গোল পূর্ণ করে ব্যবধান বাড়ান দেমিরাল। এই গোলটিও আসে কর্নার থেকে, সেই গুলেরের সাহায্যেই। সাত মিনিট পর একটি গোলের শোধ দেয় অস্ট্রিয়ানরা। ব্যবধান কমান মিকেল গ্রেগোরিটস; লড়াইয়ে ফেরে দল। এরপর আক্রমণে ধার বাড়ায় তারা। কিন্তু দ্বিতীয়বার মেলেনি গোলের দেখা। তবে ৯৫ মিনিটে সমতাসূচক গোলটা প্রায় পেয়েই গিয়েছিল অস্ট্রিয়া। কিন্তু তুর্কি গোলকিপার গুনোক বল জালে আশ্রয় নেওয়ার ঠিক আগমুহূর্তে ডান দিকে ঝাঁপিয়ে পড়ে কর্নারের বিনিময়ে দলকে রক্ষা করেন। গুনোকের এই সেভ দেখে ইংলিশ ডিফেন্ডার ম্যাথু উপসনস বিবিসি রেডিও ৫ লাইভে বলেছেন, 'আরে এটিই গর্ডন ব্যাংকস। সত্যিই অপ্রতিরোধ্য। কী দারুণ মুহূর্ত।' দেশটির আরেক সাবেক তারকা ফুটবলার লি ডেক্সন বলেছেন, 'ফার্স্টক্লাস পারফরম্যান্স। এটি গর্ডন ব্যাংকস রিপ্লেকা।' ইংলিশ ধারাভাষ্যকার ক্রিস সাটনের মতে ইউরোর ইতিহাসে এটি অন্যতম সেরা গোল।

মূলত ১৯৭০ বিশ্বকাপে ব্রাজিল-ইংল্যান্ড ম্যাচে অকল্পনীয় ক্ষিপ্রতায় গর্ডন ব্যাংকস পেলের একটি গোল সেভ করেন। তা ফুটবল ইতিহাসের অন্যতম সেভ হিসেবে স্বীকৃত। তবে এবার তুর্কি গোলরক্ষক গুনোকের গোল নিয়ে বিবিসির ধারাভাষ্যকারাররা তো বলেই দিয়েছেন এটি 'ব্যাংকস রেপ্লিকা'। পাশাপাশি এই প্রশ্নও উঠছে, ইউরোর ইতিহাসে এটি সেরা সেভ কি না?

এ জয়ে শেষ আটের রাস্তা সুগম হওয়ার সঙ্গে ১৬ বছরের অপেক্ষার প্রহর শেষ হলো তুর্কিদের। দলের জয়ে তুরস্কের শহর ইস্তাবুল তো বটে, জার্মানিজুড়ে (বিশেষ করে বার্লিনে) উল্লাস করেছে ২৯ লাখ তুর্কি বংশোদ্ভুত মানুষ। প্রথম মিনিটে এক গোলে এগিয়ে যাওয়ার পর থেকেই তুর্কি সমর্থকরা রাস্তায় নেমে পড়ে। জার্মানিতে ঠান্ডা ও বৃষ্টিস্নাত আবহাওয়া থাকলেও তুরস্কের সমর্থকদের আনন্দ-উল্লাসের কমতি ছিল না। আর শিষ্যদের এমন জয়ে যারপরনাই খুশি তুরস্ক কোচ মন্তেল্লা, 'প্রত্যেকেই হৃদয় উজাড় করে খেলেছে। কেউ হাল ছাড়েনি। প্রধান কোচের জন্য প্রায়ই এমন ম্যাচ থাকে, যেখানে আপনি শুধু তখনই জিততে পারবেন, যদি দলের সবাই নিজেদের ভেতর থেকে পুরোটা দেয়।'

## ভারত-পাকিস্তানকে নিয়ে

# ত্রিদেশীয় সিরিজ আয়োজনে উন্মুখ অস্ট্রেলিয়া




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত ও পাকিস্তানের সঙ্গে ত্রিদেশীয় সিরিজ আয়োজন করতে ইচ্ছুক ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) প্রধান নির্বাহী নিক হকলি। এক অনলাইন সংবাদ সম্মেলনে ভারত-পাকিস্তান ম্যাচকে ঘিরে তৈরি উত্তেজনার বিষয়ে জোর দিয়েছিলেন তিনি। এবার এই দেশগুলোর সঙ্গে দ্বিপক্ষীয় এবং ত্রিদেশীয় সিরিজ খেলতে ফের আগ্রহ দেখালেন তিনি সিএ প্রধান।

হকলির দাবি, পাকিস্তান ও ভারত ঐতিহ্যগত প্রতিদ্বন্দ্বী দল। তাদের ম্যাচের জন্য অনেক উত্তেজনা থাকে। অস্ট্রেলিয়ার প্রধান নির্বাহীর ভাষ্যমতে, আমরা দ্বিপক্ষীয় এবং ত্রিদেশীয় সিরিজের জন্য উভয় দলকে সমর্থন করতে প্রস্তুত। পাকিস্তান-ভারত দ্বিপক্ষীয় সিরিজের পুনরুজ্জীবনে ভূমিকা রাখতে পেরে আমরা খুশি হবো।

হকলির এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য ভারত ও পাকিস্তানের ক্রিকেট বোর্ড এবং সরকারের অনুমতির দরকার হবে। তবে বোর্ডগুলোর ব্যস্ত সূচির কারণে এখনও আনুষ্ঠানিকভাবে এই বিষয়ে আলোচনা গড়ায়নি। হকলির মতে, দুটি বোর্ডকে প্রথমে সিদ্ধান্ত নিতে হবে এবং আমরা হোস্টিংয়ে সহায়তা করবো। অনলাইন এই সংবাদ সম্মেলনে আফগান নারী ক্রিকেটের প্রতি সমর্থনের বিষয়েও জানান অস্ট্রেলিয়ার প্রধান নির্বাহী।

হকলি বলেন, আমরা সম্পূর্ণ বিশ্বে নারী ও পুরুষদের জন্য ক্রিকেটের বিকাশ এবং উন্নতি দেখতে চাই। আফগানিস্তান ক্রিকেট বোর্ডের সঙ্গে চলমান সংলাপের লক্ষ্য বর্তমান রাজনৈতিক ও সামাজিক চ্যালেঞ্জ এড়িয়ে আফগানিস্তানে নারী ক্রিকেটের উন্নয়নকে উৎসাহিত করা।

এসময় অস্ট্রেলিয়া ও আফগানিস্তানের মধ্যে দ্বিপক্ষীয় সিরিজ আয়োজনের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

# হার্দিকের যেখানে আগে কোনো ভারতীয় ওঠেনি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ক্রিকেট যার থেকে কেড়ে নেয়, তাকে দুই হাতে ভরিয়েও দেয় এই মুহূর্তে কথাটি খুব ভালো করে অনুধাবন করতে পারবেন হার্দিক পান্ডিয়া। মাসদুয়েক আগেও নানা সমস্যার মাঝ দিয়ে যেতে হয়েছে তাকে। শুনতে হয়েছে দুয়ো। এমনকি ভারতের দলে তার থাকা নিয়েও উঠেছিল প্রশ্ন। সেই হার্দিক এখন আইসিসির টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ের এক নম্বর অলরাউন্ডার। এটা এমন এক কীর্তি যা আগে কখনও কোনো ভারতীয় ক্রিকেটার করতে পারেননি।

আটলান্টিক পাড়ে বসা কুড়ি কুড়ির বিশ্বকাপে দেড়শর বেশি স্ট্রাইক রেটে ব্যাট করেছিলেন হার্দিক। ১৪৪ রানের পাশাপাশি বল হাতে ছিল ১১টি উইকেট। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ফাইনালেও পেস বোলিং অলরাউন্ডার ছিলেন দুর্দান্ত। ব্যাটে-বলে দাপুটে ফাইনাল খেলার পুরস্কার ৩ জুলাই আইসিসি থেকে পেয়েছেন র‍্যাঙ্কিংয়ে শীর্ষে উঠে। দুই ধাপ এগিয়েছেন হার্দিক। তবে তিনি শীর্ষ ভাগাভাগি করছেন ২২২ রেটিং পয়েন্ট নেওয়া শ্রীলঙ্কার অলরাউন্ডার ওয়ানিন্দু হাসারাঙ্গার সঙ্গে। বোলিংয়ে ছয় ধাপ এগিয়ে ৫২ এবং ব্যাটিংয়ে দুই ধাপ এগিয়ে ৬২ নম্বরে উঠেছেন ভারতের এই তারকা। সবশেষ র‍্যাঙ্কিংয়ে অস্ট্রেলিয়ার মার্কাস স্টয়নিস, জিম্বাবুয়ের সিকান্দার রাজা ও বাংলাদেশের সাকিব আল হাসান এক ধাপ করে এগিয়ে তিন, চার ও পাঁচে এসেছেন। টি-টোয়েন্টি ব্যাটিং ও বোলিংয়ের শীর্ষস্থানে কোনো পরিবর্তন নেই। শীর্ষস্থান ধরে রেখেছেন অস্ট্রেলিয়ার ট্রাভিস হেড ও ইংল্যান্ডের আদিল রশিদ। তবে বড় লাফ দিয়ে বোলিংয়ে শীর্ষ দুইয়ে জায়গা করে নিয়েছেন দক্ষিণ আফ্রিকার আনরিখ নর্কিয়া। সাত ধাপ উন্নতি হয়েছে বিশ্বমঞ্চে ১৫ উইকেট নেওয়া এই পেসারের।

## বলছেন দিনেশ কার্তিক

# কোহিনূর হীরার চেয়েও মূল্যবান বুমরাহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'কোহিনূর হীরার চেয়েও মূল্যবান জসপ্রিত বুমরাহ' ক্রিকেটবিষয়ক আলোচনায় সম্প্রতি এমন বলেছেন দিনেশ কার্তিক। ভারতের সাবেক ক্রিকেটার ও ধারাভাষ্যকারের কথার সঙ্গে অনেক ভারতীয় একমত হতে পারেন। টি-টোয়েন্টি বিশ্বকাপে বোলার বুমরাহকে সেরা ভেবে বসলে অত্যুক্তি হবে না খুব একটা।

আটলান্টিক পাড়ের বিশ্বকাপে অসামান্য অবদান রেখেছেন বুমরাহ। নতুন বল হোক বা পুরোনো বিধ্বংসী রূপে দেখা গেছে তাকে। ৮ ম্যাচে ৮.২৬ গড়ে ১৫ উইকেট। ওভারপ্রতি অবিশ্বাস্য ৪.১৭ গড়ে রান দিয়েছেন। ডানহাতি পেসার দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ফাইনালেও ম্যাচের ভাগ্য ঘুরিয়ে দেন। তাকে বহু মূল্যবান ভাবা তাই দোষেরও না।

কার্তিকের স্তুতি এমন, 'আমি ধারাবিবরণী করার সময়ে বলেছি, বুমরাহ কোহিনূর হীরার চেয়েও মূল্যবান। সত্যিই এই মুহূর্তে সব সংস্করণ মিলিয়ে বিশ্বের সেরা বোলার সে। চাপের মধ্যেও ধারাবাহিকভাবে পারফর্ম করে যাচ্ছে। এটা খুব কম মানুষ আছে যারা করতে পারে।'

বুমরাহ কেন ঐতিহাসিক সেই মূল্যবান হীরার চেয়েও দামি, সেই ব্যাখ্যাও দিয়েছেন কার্তিক, 'যেকোনো অধিনায়কের স্বপ্নের বোলার বুমরাহ। সে এমন একজন যেকোনো জায়গা থেকে ম্যাচ জেতানোর ক্ষমতা আছে তার। এটিই তাকে এত অন্যদের থেকে আলাদা করে তুলেছে। অসাধারণ, দুর্দান্ত এসব শব্দ তার জন্যই।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR